নুশিন ইলেকট্রনিক্স



প্রোঃ মোঃ রেদওয়ান

এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।

স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক
চাঁদপুর দিগন্ত

সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত

The Daily Chandpur Diganta

সত্য প্রকাশে অবিচল

শনিবার
রেজিঃ নং-চ-৫১৩
১৪ নভেম্বর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-১০২
২৯ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
৩ জমাঃ সানি ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা

E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

চাঁদপুর-শরীয়তপুর ফেরি ভাড়া ৮ শতাংশ বৃদ্ধি

স্টাফ রিপোর্টার

জ্বালানি তেলের দাম বৃদ্ধির প্রভাবে চাঁদপুর-শরীয়তপুর নৌরুটে ফেরি পারাপারের ভাড়া ৮ শতাংশ বাড়ানো হয়েছে। এর ফলে এ রুটে যানবাহন পারাপারের সংখ্যা আরও কিছুটা কমেছে।

যানবাহনের চাপ কম থাকায় ৫টি ফেরি সচল থাকলেও প্রতিদিন চলাচল করছে মাত্র ২টি ফেরি। ছোট-বড় মিলিয়ে প্রতিদিন গড়ে ৫০ থেকে ৬০টি যানবাহন পারাপার হচ্ছে। কমেছে যাত্রীবাহী বাসের সংখ্যাও। বর্তমানে চট্টগ্রাম-খুলনা রুটে নিয়মিত চলাচলকারী বাস পার হচ্ছে মাত্র ২টি।

সংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, ২০২২ সালে পদ্মা সেতু চালুর পর থেকেই এ নৌরুটে যানবাহন চলাচল উল্লেখযোগ্য হারে কমেছে। এর সঙ্গে নতুন করে যুক্ত হয়েছে জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি এবং সড়কের বেহাল অবস্থা। ফলে দিন দিন এ রুটের



প্রতি পরিবহন মালিক ও চালকদের আগ্রহ কমছে। সরেজমিনে গিয়ে দেখা যায়, পণ্যবাহী ৮টি ট্রাক ফেরি পারাপারের অপেক্ষায় রয়েছে। ফেরির ধারণক্ষমতার তুলনায় যানবাহন কম থাকায় নির্ধারিত সময়ে ফেরি ছাড়তে পারছে না কর্তৃপক্ষ।

চট্টগ্রাম থেকে যশোরগামী ট্রাকচালক শাহ আলম সর্দার বলেন, প্রায় দুই ঘণ্টা ধরে ফেরির জন্য অপেক্ষা করছি। প্রয়োজনীয়সংখ্যক যানবাহন না থাকায় ফেরি ছাড়তে দেরি হচ্ছে। এতে সময়মতো গন্তব্যে পৌঁছানো যাচ্ছে না। পরিবহনের পাশাপাশি পণ্য মালিকেরাও আর্থিক ক্ষতির মুখে পড়ছেন।

হরিণা ঘাটের দোকানি হারুনুর রশিদ বলেন, দিন দিন যানবাহনের সংখ্যা কমে যাওয়ায় ব্যবসা-বাণিজ্যে মন্দা দেখা দিয়েছে। এভাবে চলতে থাকলে ব্যবসা টিকিয়ে রাখা কঠিন হয়ে পড়বে।

হরিণা ফেরিঘাটের সহ-মহাব্যবস্থাপক মোঃ ফয়সল আলম চৌধুরী বলেন, পদ্মা সেতু চালুর পর থেকেই এ রুটে যানবাহন পারাপার আশঙ্কাজনকভাবে

● ২-এর পাতায় দেখুন

ফেরি-বাল্কহেডের সংঘর্ষে ১১ বছরের শিশু নিহত

স্টাফ রিপোর্টার

শরীয়তপুর-চাঁদপুর নৌ রুটের পদ্মা নদীর বেড়াচাক্কি চ্যানেলে ফেরি ও বাল্কহেডের সংঘর্ষে ১১ বছর বয়সি এক শিশু নিহত হয়েছে। এ ঘটনায় আরও দুইজন আহত হয়েছেন। আহতদের জরুরি ভিত্তিতে স্পিডবোটে করে চাঁদপুরের হাসপাতালে পাঠানো হয়েছে।

শুক্রবার (১৩ নভেম্বর) সকাল ৯টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত শিশুর পরিচয় তাৎক্ষণিকভাবে জানা যায়নি।

বিআইডব্লিউটিসি ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, 'কাকলি' নামের ফেরিটি চাঁদপুর থেকে শরীয়তপুরের নরসিংহপুর ফেরিঘাটের উদ্দেশে ছেড়ে আসে। মেঘনা নদীর মূল অংশ পেরিয়ে সকাল ৯টার দিকে

● ২-এর পাতায় দেখুন

আমীর মাও. বিল্লাল হোসেন মিয়াজী, সেক্রেটারী অ্যাড. শাহজাহান মিয়া

চাঁদপুর জেলা জামায়াতের পূর্ণাঙ্গ কমিটি গঠন

স্টাফ রিপোর্টার

বাংলাদেশ জামায়াতে ইসলামী চাঁদপুর জেলা শাখার ২০২৭-২০২৮ সেশনের পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়েছে।

এতে জেলা আমীর, ২জন নায়েবে আমীর(প্রস্তাব), ৩জন সহকারী সেক্রেটারী, কর্মপরিষদ সদস্য পুরুষ-২১জন, মহিলা-১৪জন। এবং জেলার শুরা সদস্য পুরুষ- ৪৬জন, মহিলা - ২৪জন সদস্য সহ মোট ৭০ জন সদস্যের জেলা পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়।



আমীর মাও. বিল্লাল হোসেন মিয়াজী | সেক্রেটারী অ্যাড. শাহজাহান মিয়া

শুক্রবার ১৩ নভেম্বর সকালে শহরের মিলনায়তনে সেক্রেটারি, সহকারী সেক্রেটারি, কর্মপরিষদ সদস্য ও মজলিসে শুরার সদস্যদের শপথ অনুষ্ঠান পরিচালনা করেন কেন্দ্রীয় মজলিশে শুরা সদস্য ও জেলা আমীর মাওলানা বিল্লাল হোসাইন মিয়াজী।

দলীয় সূত্র জানায়, গঠনতন্ত্র অনুযায়ী দুই বছর মেয়াদে জেলার কমিটি নির্বাচনের জন্য গত ১২ অক্টোবর জেলা জামায়াতের সদস্য (রুকন) সম্মেলনে জেলা আমীরের ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। পুরুষ ও মহিলা রুকন প্রত্যক্ষ ও গোপন ব্যালটে ভোট প্রদান করেন। ৫ নভেম্বর কেন্দ্রীয়ভাবে দেশব্যাপী সকল জেলা আমীদের নাম ঘোষনা করা হয়। ৮ নভেম্বর রোকন সম্মেলনে জেলা আমীরের শপথ করা হয়। এবং

● ২-এর পাতায় দেখুন

কিশোর গ্যাংয়ের ২০ সদস্য আটক

চাঁদপুরে নিষিদ্ধ সংগঠনের ৭ নেতাকর্মীসহ গ্রেফতার ২৮

এম এ গফুর

চাঁদপুরে জেলা পুলিশের বিশেষ অভিযানে গত ২৪ ঘণ্টায় কার্যক্রম নিষিদ্ধ সংগঠনের ৭ নেতাকর্মী ও মাদক কারবারিসহ মোট ২৮ জনকে গ্রেফতার করা হয়েছে। একই সময়ে কিশোর গ্যাংয়ের ২০ সদস্যকে আটক এবং ১৬ পিস ইয়াবা উদ্ধার করেছে পুলিশ। শুক্রবার (১৩ নভেম্বর) চাঁদপুর জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) নাদিরা নূর স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, পুলিশ সুপার মো. মিজানুর রহমানের নির্দেশনায় জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ও অপরাধ দমনে বৃহস্পতিবার (১২ নভেম্বর) ২৪ ঘণ্টায় জেলার বিভিন্ন থানা পুলিশ ও জেলা গোয়েন্দা শাঁখা (ডিবি) যৌথভাবে এই অভিযান পরিচালনা করে। এসময় কার্যক্রম নিষিদ্ধ সংগঠনের মোট ৭ জন নেতাকর্মীকে গ্রেফতার করা হয়েছে।

● ২-এর পাতায় দেখুন



চাঁদপুরে ২২তম জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০২৬ উদ্বোধন করেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।

চাঁদপুরে ২২তম জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

স্টাফ রিপোর্টার

চাঁদপুরে ২২তম জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০২৬ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার (১৩ নভেম্বর) চাঁদপুর স্টেডিয়ামে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে খেলার উদ্বোধন করেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।

তিনি তার বক্তব্যে বলেন, অনেকদিন পর জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের আয়োজন করার জন্য জেলা প্রশাসককে ধন্যবাদ জানাই। আমাদের দেশে ফুটবল খেলাটা অনেক দূর পিছিয়ে গেছে। আমাদের খেলাধুলার পুরোনো ঐতিহ্য ফিরিয়ে আনতে হবে।

তিনি আরো বলেন, প্রত্যেক উপজেলার কাছে অনুরোধ, যেদিন আপনাদের খেলা হবে, সেদিন আপনাদের উপজেলা থেকে অন্তত ৫০০ জন করে দর্শক নিয়ে আসবেন। দর্শক না থাকলে খেলা জমে না। দর্শকদের যদি নিয়ে আসতে পারেন তাহলে এ খেলাটা জমে উঠবে এবং বাংলাদেশের মতো চাঁদপুরেও মাদকের বিস্তার হয়েছে কিছুটা হলেও কমে যাবে।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) একরামুল সিদ্দিকের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) খায়রুল কবির, জেলা পরিষদের প্রশাসক

● ২-এর পাতায় দেখুন

আজ ১৪ নভেম্বর বিশ্ব ডায়াবেটিস দিবস

আজ ১৪ নভেম্বর বিশ্ব ডায়াবেটিস দিবস। সারাবিশ্বের মতো বাংলাদেশেও জনসচেতনতার লক্ষ্যে দিবসটি পালিত হবে। দিবসটিতে এবারের প্রতিপাদ্য-'ডায়াবেটিসে দ্রুত পদক্ষেপ'। প্রতি বছর বাংলাদেশসহ প্রায় ১৭০টি দেশে এ দিবসটি পালিত হয়। ১৯৯১ সালে আন্তর্জাতিক ডায়াবেটিক ফেডারেশন ১৪ নভেম্বর তারিখটিকে 'বিশ্ব ডায়াবেটিস দিবস'হিসেবে ঘোষণা করে। ২০০৭ সাল থেকে পৃথিবী জুড়ে দিবসটি পালিত হয়ে আসছে।

বাংলাদেশ ডায়াবেটিক সমিতির অনুরোধে বাংলাদেশ সরকার ১৪ নভেম্বর 'বিশ্ব ডায়াবেটিস দিবস' পালনের জন্য জাতিসংঘে প্রস্তাব করে। ২০০৬ সালের ২০ ডিসেম্বর জাতিসংঘে এ প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

ডায়াবেটিস আক্রান্ত মানুষের সংখ্যার দিক থেকে বাংলাদেশ বিশ্বের শীর্ষ দেশগুলোর একটি। আন্তর্জাতিক ডায়াবেটিস ফেডারেশনের (আইডিএফ) ২০২৫ সালের হালনাগাদ তথ্য অনুযায়ী, ২০২৪ সালে দেশে প্রাপ্তবয়স্ক ডায়াবেটিস রোগীর সংখ্যা ছিল প্রায় ১ কোটি ৩৯ লাখ।

হিসাবে বিশ্বে বাংলাদেশের অবস্থান

● ২-এর পাতায় দেখুন



বাংলাদেশ জামায়াতে ইসলামী চাঁদপুর পৌরসভা ও উপজেলার নবনির্বাচিত আমিরদের শপথ গ্রহন অনুষ্ঠান পরিচালনা করেন জেলা আমীর মাওলানা বিল্লাল হোসেন মিয়াজী।

চাঁদপুর উপজেলা ও পৌরসভা জামায়াতের নবনির্বাচিত আমীরদের শপথ গ্রহন

স্টাফ রিপোর্টার

আগামী ২০২৭-২০২৮ সেশনের জন্য চাঁদপুর জেলার পৌরসভা ও ৮ উপজেলার বাংলাদেশ জামায়াতে ইসলামীর নবনির্বাচিত আমিরদের শপথ গ্রহন অনুষ্ঠান পরিচালনা করেন কেন্দ্রীয় মজলিশে শুরা সদস্য ও জেলা আমীর মাওলানা বিল্লাল হোসেন মিয়াজী।

গতকাল শুক্রবার ১৩ নভেম্বর সকালে শহরের মিলনায়তনে জেলার পৌরসভা ও উপজেলার মোট ১৫ শাখা আমীরদের শপথ গ্রহন জেলা জামায়াত আয়োজন করেন। এতে ১টি পৌরসভা ও একটি উপজেলার আমির পদে পরিবর্তন এসেছে। এবং ১টি পৌরসভার নতুন করে কমিটি গঠন করা হয়েছে। বাকি শাখাগুলোতে আগের দায়িত্বশীলরাই পুনর্নির্বাচিত হয়েছেন। জেলা জামায়াতের সেক্রেটারী এডভোকেট মো: শাহজাহান মিয়ার পরিচালনায় অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা জামায়াতের নায়েবে আমীর এড. মাসুদুল ইসলাম বুলবুল, অধ্যাপক মাওলান আবুল হোসেন। আরো উপস্থিত ছিলেন সহকারী সেক্রেটারী ডা: আব্দুল মবিন, জাহাঙ্গীর আলম প্রধান, হারুনুর রশীদ সহ অন্যান্য অতিথিবৃন্দ। সংশ্লিষ্ট শাখায় রুকন সম্মেলনের মাধ্যমে ভোটগ্রহণ শেষে নির্বাচিতদের নাম প্রকাশ করেন জেলা আমির মাওলানা বিল্লাল হোসেন মিয়াজী। উপজেলা/পৌরসভা আমীর শপথ গ্রহন করেন যারা:- চাঁদপুর

● ২-এর পাতায় দেখুন

জিম্বাবুয়েকে উড়িয়ে দিয়ে বাংলাদেশের প্রথম জয়

স্পোর্টস রিপোর্টার

আইসিসি ইমার্জিং নেশন্স ট্রফিতে বাংলাদেশের শুরুটা ছিল বেশ হতাশার। পাকিস্তানের কাছে প্রথম ম্যাচে কোনো পাত্তাই পায়নি নাহিদা আক্তারের দল। তবে দ্বিতীয় ম্যাচে দারুণভাবে ঘুরে দাঁড়িয়েছে টাইগ্রেসরা। জিম্বাবুয়েকে হারিয়ে টুর্নামেন্টে নিজেদের প্রথম জয় তুলে নিয়েছে তারা।

সংযুক্ত আরব আমিরাতের আজমানে গ্রুপ পর্বে নিজেদের দ্বিতীয় ম্যাচে জিম্বাবুয়েকে ৯ উইকেটে হারিয়েছে বাংলাদেশ।

টস হেরে প্রথমে ব্যাটিংয়ে নেমে নির্ধারিত ২০ ওভারে ৭ উইকেটে ১৩১ রান সংগ্রহ করে জিম্বাবুয়ে নারী দল। দলের পক্ষে

● ২-এর পাতায় দেখুন

অশ্লীলতার মোকাবিলায় ইসলামের বিশুদ্ধ সংস্কৃতি ছড়িয়ে দিতে হবে: গোলাম পরওয়ার

দিগন্ত ডেস্ক

অশ্লীলতার মোকাবিলায় ইসলামী গান, কবিতা, গল্প, নাটক ও সিনেমা ছড়িয়ে দেওয়ার আহ্বান জানিয়েছেন জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। শুক্রবার ঢাকায় এক অনুষ্ঠানে তিনি বলেন, সাংস্কৃতিক আন্দোলনে ঢাকা মহানগরীর কবি, সাহিত্যিক ও শিল্পীদের নেতৃত্ব দিতে হবে। বক্তারা রাজনৈতিক পরিবর্তন স্থায়ী করতে সাংস্কৃতিক আন্দোলনের ওপরও গুরুত্ব দেন।

অশ্লীলতার মোকাবিলায় মানুষের মাঝে ইসলামের সুন্দর, মননশীল ও বিশুদ্ধ গান, কবিতা, গল্প, নাটক ও সিনেমা ছড়িয়ে দেওয়ার আহ্বান

● ২-এর পাতায় দেখুন



ধ্বংসস্তূপেও থামেনি কোরআন শিক্ষা, যুদ্ধবিধ্বস্ত গাজায় ১০০০ হাফেজকে সংবর্ধনা

দিগন্ত ডেস্ক

চারদিকে যুদ্ধের ক্ষত, ধ্বংসস্তূপ আর বাস্তুচ্যুতির হাহাকার। এর মধ্যেও থেমে নেই ধর্মীয় শিক্ষা। যুদ্ধবিধ্বস্ত গাজায় পবিত্র কোরআনের ৩০ পারা মুখস্থ করে সম্মাননা পেয়েছেন ১ হাজার ফিলিস্তিনি। তাদের মধ্যে রয়েছেন নারী-পুরুষ, শিশু ও কিশোর-কিশোরী।

বৃহস্পতিবার (১২ নভেম্বর) গাজা সিটির এক অনুষ্ঠানে তাদের হাতে সনদ ও স্মারক তুলে দেওয়া হয়। গাজার ধর্মীয় বিষয়ক মন্ত্রণালয় ও ওয়াক্ফ মন্ত্রণালয় আয়োজিত এ অনুষ্ঠানে

● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে প্রাথমিক-মাধ্যমিক-কারিগরির ৪৯ লাখ ৩৫ হাজার বই বরাদ্দ

দিগন্ত ডেস্ক

চাঁদপুরের ৮ উপজেলায় সরকারি-বেসরকারি মাধ্যমিক,মাদ্রাসা,ভকেশনাল ও এবতেদায়ী ৫শ'১৭ শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৭ শিক্ষাবর্ষে প্রাথমিক ও মাধ্যমিক স্তরে ৪৯ লাখ ৩৫ হাজার ৭শ ৬০ কপি বই বরাদ্দ রয়েছে। এর মধ্যে প্রাথমিকে ১২ লাখ ১৭ হাজার ২৪৭ কপি বইয়ের চাহিদা প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে পাঠানোর পর শতভাগই এবং মাধ্যমিক, কারিগরি ও এবতেদায়ী স্তরে ৩৭ লাখ ২৮ হাজার ৫শ' ১৩ কপির ইতোমধ্যেই ওই সব বইয়ের চালান ৮০ ভাগ জেলায় এসে পৌঁছেছে বলে জেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে ৬ নভেম্বর জানা গেছে। তথ্য মতে, জেলার ২শ'৮৪ টি নিম্ন-মাধ্যমিক ও মাধ্যমিক স্কুল ও মাদ্রাসার জন্যে ৬ষ্ঠ হতে নবম শ্রেণি পর্যন্ত নতুন কারিকুলামের জন্যে নতুন বইয়ের বরাদ্দ আসছে। এ সব বই স্ব স্ব উপজেলা বই সংরক্ষণাগারে যথা সময়ের মধ্যেই এসে পৌঁছবে। মাধ্যমিক স্তর ৬ষ্ঠ হতে নবম শ্রেণি ইংরেজি ভার্সন এর জন্য ১৩ হাজার ৬শ'৪০ কপি বইয়ের চাহিদা রয়েছে। কারিগরি প্রতিষ্ঠানের জন্য ৬৭ হাজার ৫শ'৯০ কপি বইয়ের প্রয়োজনে এর চাহিদা প্রেরণ করে চাঁদপুর মাধ্যমিক শিক্ষা অফিস। কেবলমাত্র কারিগরি ও ইংরেজি ভার্সনের বই জেলর সরকারি টিকনিক্যাল উচ্চ বিদ্যালয় থেকে সরবরাহ করা হবে বলে জানানো হয়েছে। আগামি ১ জানুয়ারি সরকারিভাবে ঘোষিত বই দিবস উপলক্ষে ৬ষ্ঠ হতে নবম শ্রেণির সকল শিক্ষার্থীর হাতে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক, স্কুল ম্যানেজিং কমিটি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের

● ২-এর পাতায় দেখুন

মতলব উত্তরে কিং কোবরার কামড়ে গৃহবধূ সাপ নিয়ে হাসপাতালে

মতলব উত্তর প্রতিনিধি



মতলব উত্তর উপজেলার একলাসপুর ইউনিয়নের একলাসপুর গ্রামে বিষধর কিংকোবরা সাপের কামড়ে এক গৃহবধূ মারাত্মক ভাবে আহত হয়ে চাঁদপুর সরকারি জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

ঘটনাটি ঘটেছে গতকাল শুক্রবার বিকালে মতলব উত্তর উপজেলার একলাসপুর ইউনিয়নের একলাসপুর গ্রামের মৌলভি বাড়িতে।

জানাযায়, একলাসপুর গ্রামের মৌলভি বাড়ির সায়েম হোসের স্ত্রী শান্তা বেগম (২৭) বাড়ির উঠানে জ্বালানী কাজে ব্যবহারের জন্য গাছের ডালপালা ও পাতা স্তুপ করে রাখে। সেগুলো সরাতে গেলে ওই স্তুপ থেকে বিষধর কিংকোবরা সাপের (প্রায় দু হাত লম্বা) বাচ্চা বের হয়ে শান্তা বেগমের ডান পায়ে ছোবল দেয়। তার ডাক চিৎকারে পরিবারের

● ২-এর পাতায় দেখুন

আজ সন্ধ্যায় নজরুল মিলনায়তনে শ্রোতার আসর

পৌর পাঠাগারের নজরুল মিলনায়তনে আজ শনিবার সন্ধ্যা ৬ টায় অনুষ্ঠিত হবে ১ম শ্রোতার আসর। জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমির যৌথ আয়োজনে চাঁদপুর জেলার শিল্পীদের পরিবেশনায় অনুষ্ঠানের আয়োজনে থাকছে হারানো দিনের গান।

শ্রোতার আসর শেষে দেশব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতায় জেলা পর্যায়ে ১ম স্থান অর্জনকারীদের পুরস্কার প্রদান করা হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত

● ২-এর পাতায় দেখুন

মতলব উত্তরে পূর্ব বিরোধের জেরে হামলার অভিযোগ, নাকের হাড় ভাঙল যুবকের

বিশেষ প্রতিনিধি

মতলব উত্তর উপজেলার মোহনপুর গ্রামে পূর্বের তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে মো. আরিফ হোসেনও তাঁর স্বজনদের ওপর হামলার অভিযোগ উঠেছে। এ ঘটনায় আরিফের নাকের হাড় ভেঙে যাওয়ার পাশাপাশি আরও কয়েকজন আহত হয়েছেন। শুক্রবার (১৩ নভেম্বর) রাত আনুমানিক ২টার দিকে উপজেলার মোহনপুর ইউনিয়নের ৩নং ওয়ার্ডের প্রধান বাড়ির উত্তর পাশে পুকুরপাড়ে এ ঘটনা ঘটে। এ ঘটনায় মো. আরিফ হোসেন বাদী হয়ে নুর আলম (২৮), খোরশেদ আলম (৪০), মোরশেদ আলম (৩৩), তাজুল ইসলাম (২১) ও মোঃ বাবলু (৩১) এই ৫জনকে বিবাদী করে মতলব উত্তর থানায় একটি অভিযোগ দায়ের করেন। এ বিষয়ে মামলার বাদী মো.আরিফ হোসেন বলেন, গত ১২ নভেম্বর রাত ৮টার দিকে আরাফাত নামে এক ব্যক্তি আব্দুর রহমানের বসতঘরের দরজার সামনে প্রস্রাব করাকে কেন্দ্র করে বিরোধের সৃষ্টি হয়। এ সময় আব্দুর

● ২-এর পাতায় দেখুন

শীতের আগমনী বার্তায়ও কমেনি সবজির দাম, চড়া মাছ-মাংসের বাজার

নিজস্ব প্রতিবেদক

রাজধানীতে শীতের আগমনী বার্তা পাওয়া গেলেও এখনও পুরোপুরি জেঁকে বসেনি শীত। সাধারণত শীতের আগমনের সঙ্গে বাজারে শীতকালীন সবজির সরবরাহ বাড়ে এবং দামও কমতে শুরু করে। তবে এবার এখনও সেই চিত্র দেখা যাচ্ছে না। রাজধানীর বাজারগুলোতে প্রায় সব ধরনের সবজি বিক্রি হচ্ছে চড়া দামে। শুধু সবজি নয়, মাছ, মাংস ও ডিমের বাজারেও স্বস্তি নেই। নিত্যপ্রয়োজনীয় পণ্য কিনতে গিয়ে হিমশিম খাচ্ছেন সাধারণ ক্রেতারা। শুক্রবার (১৩ নভেম্বর) রাজধানীর বিভিন্ন বাজার ঘুরে এমন চিত্র দেখা গেছে। বিক্রেতারা বলছেন, এখনও শীতের মৌসুম পুরোপুরি শুরু হয়নি। বাজারে শীতকালীন নতুন সবজির সরবরাহও পর্যাপ্ত নয়। আরও কিছুদিন পর এসব সবজি বাজারে আসতে শুরু করলে দাম কমতে পারে। বাজার ঘুরে দেখা গেছে, প্রতি কেজি নতুন আলু বিক্রি হচ্ছে ১৪০ থেকে ১৬০ টাকা এবং পুরোনো আলু ৩০ টাকায়। এ ছাড়া কাঁচা মরিচ ১২০ টাকা, গোল বেগুন ১০০ টাকা, লম্বা বেগুন ৬০ থেকে ৮০ টাকা, করলা ৮০ থেকে ১০০ টাকা, শিম প্রকারভেদে ৮০ থেকে ১২০ টাকা, শসা ১০০ টাকা এবং গাজর ১০০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। ফুলকপি আকারভেদে ৫০ থেকে ৮০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। অন্যদিকে ঝিঙে, পটল, চিচিঙ্গা, ঢেঁড়স ও মূলা বিক্রি হচ্ছে ৬০ টাকা কেজি দরে। মাছের বাজারেও

● ২-এর পাতায় দেখুন



নামাজের সময়সূচী

১৪ নভেম্বর ২০২৬
শনিবার

ফজর শুরু	ভোর ৪.৪৬
যোহর শুরু	দুপুর ১১.৪৬
আসর শুরু	বিকেল ৩.৪৮
মাগরিব শুরু	সন্ধ্যা ৫.২৮
এশা শুরু	রাত ৭.৪২

সূত্র: ইসলামিক ফাউন্ডেশন

স্থান পরিবর্তন

পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।

নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।

নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

বিসমিল্লাহির রাহমানির রাহিম
হিলশা ইলেকট্রনিক্স



WALTON KONKA GREE কোম্পানির সকল মালামাল পাইকারি ও খুচরা বিক্রয় করা হয়।
01623-392568, 01818-734125, 01633-153049
শো-রুম ১: ওয়্যারলেছ বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর। | শো-রুম ২: চৌরাস্তা বাজার, বাগাদী, চাঁদপুর সদর, চাঁদপুর।

বিশ্ববিদ্যালয় ভর্তির
সবচেয়ে সেরা ভর্তি কোচিং
ইউনিএইড চাঁদপুর
ভর্তি চলছে ৮,০০০ টাকা ছাড়ে!
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা।
বিগত ৭ বছরে ইউনিএইড চাঁদপুরে কোচিং করে ১৫১ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহ ৫৪০ এর অধিক বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স।
বিস্তারিত জানতে : Uniaid Chandpur এর ফেসবুক | 01958020808 Whatsapp এ যোগাযোগ করুন।
ইউনিএইড চাঁদপুর
ছায়াবানী মোড় থেকে ২৫০ গজ দক্ষিণে প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে।

মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক
চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta সত্য প্রকাশে অবিচল
শনিবার ১৪ নভেম্বর ২০২৬, ২৯ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ, ৩ জমাঃ সানি ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300



মতলব উত্তর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ফিশারি পুকুরের দৃশ্য। ইনসেটে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. রাজন চন্দ্র দাস।

মতলব উত্তর স্বাস্থ্য কমপ্লেক্সের ফিশারির মাছ ধরে নিলেন স্বাস্থ্য কর্মকর্তা!

শামীম মিয়াজী

মতলব উত্তর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সীমানাপ্রাচীরের ভেতরে থাকা ফিশারি পুকুর থেকে ভোররাতে মাছ ধরে নিজের গাড়িতে করে নিয়ে যাওয়ার অভিযোগ উঠেছে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. রাজন চন্দ্র দাসের বিরুদ্ধে। শুক্রবার (১৩ নভেম্বর) ভোররাতে জেলেদের দিয়ে জাল টানিয়ে পুকুরের মাছ তুলে নেওয়া হয় বলে অভিযোগ পাওয়া গেছে। জানা গেছে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ভেতরে থাকা ওই ফিশারি পুকুরে উপজেলা মৎস্য দপ্তরের প্রণোদনার আওতায় মাছের পোনা অবমুক্ত করা হয়েছিল। সরকারি প্রণোদনায় অবমুক্ত করা মাছ কীভাবে এবং কার নির্দেশে ধরা হয়েছে, তা নিয়ে প্রশ্ন উঠেছে। হাসপাতালের পরিসংখ্যান বিভাগের ভারপ্রাপ্ত পরিসংখ্যানবিদ ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে প্রথমবারের মতো অনুষ্ঠিত হলো রিভার রান প্রতিযোগিতা

শহর প্রতিনিধি

নদী,প্রকৃতি ও সুস্থ জীবনযাপনের বার্তা ছড়িয়ে দিতে চাঁদপুরে প্রথমবারের মতো অনুষ্ঠিত হয়েছে 'চাঁদপুর রিভার রান' প্রতিযোগিতা । শুক্রবার ১৩ নভেম্বর সকালে চাঁদপুর বড়স্টেশন মোলহেড এলাকায় আয়োজিত এ প্রতিযোগিতায় দেশের বিভিন্ন স্থান থেকে আসা দু'শতাধিক রানার অংশ নেন ।

উৎসবমুখর পরিবেশে আয়োজিত এ দৌড় প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মধ্যে ছিল ব্যাপক উৎসাহ-উদ্দীপনা।

প্রতিযোগিতাটি ৫ কি.মি.ও ১০ কি.মি.এ দু'ক্যাটাগরিতে অনুষ্ঠিত হয় । নির্ধারিত দূরত্ব অতিক্রম করতে সকাল থেকেই প্রতিযোগীরা মোলহেড এলাকায় জড়ো হন। পরে দৌড় শুরু হলে অংশগ্রহণকারীদের পদচারণায় মুখর হয়ে ওঠে নদীর পাড়ের মনোরম পরিবেশ। প্রতিযোগিতায় অংশ নিয়ে



উচ্ছ্বাস প্রকাশ করেন রানাররা। দৌড় প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে পুরস্কার এবং অংশগ্রহণকারী রানারদের মাঝে মেডেল বিতরণ করা হয়। প্রতিযোগিতার সার্বিক সহযোগিতায় ছিল ওব্যাট মুক্ত স্কাউটস, যুব রেড ক্রিসেন্ট ও বিডি ক্লিন। আয়োজক তৌসিফ রেজোয়ান জানান, প্রথমবারের মতো আয়োজিত এ প্রতিযোগিতার মধ্য দিয়ে ● ২-এর পাতায় দেখুন



চাঁদপুরে ধর্মীয় ভাবগাম্ভীর্য, উৎসাহ-উদ্দীপনা ও ভক্তিমূলক পরিবেশে শ্রীশ্রী অন্নকূট মহোৎসব ও গোবর্ধন পূজা ২০২৬ অনুষ্ঠানে বক্তব্য রাখেন সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।

চাঁদপুরে শ্রীশ্রী অন্নকূট মহোৎসব ও গোবর্ধন পূজা অনুষ্ঠিত

শহর প্রতিনিধি

চাঁদপুরে ধর্মীয় ভাবগাম্ভীর্য, উৎসাহ-উদ্দীপনা ও ভক্তিমূলক পরিবেশে শ্রীশ্রী অন্নকূট মহোৎসব ও গোবর্ধন পূজা ২০২৬ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার (১৩ নভেম্বর) শহরের মুন্সেফপাড়া শ্রীশ্রী মহাপ্রভু নীলাচল মন্দির প্রাঙ্গণে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর-৩ (সদর-হাইমচর) আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।

তিনি তার বক্তব্যে বলেন, বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। এ দেশে সব ধর্মের মানুষ নিজ নিজ ধর্মীয় আচার-অনুষ্ঠান ও উৎসব স্বাধীনভাবে পালন করবেন–এটাই আমাদের প্রত্যাশা। ধর্ম যার যার, রাষ্ট্র সবার। আমরা সবাই বাংলাদেশি, আমাদের পরিচয় ও অধিকার সমান। ধর্ম-বর্ণ নির্বিশেষে সবাই মিলেমিশে বসবাস করব। একে অপরের ধর্মীয় অনুভূতির প্রতি শ্রদ্ধাশীল থাকব।

চাঁদপুর জেলা ইসকনের সভাপতি শ্রীপাদ জগদানন্দ পণ্ডিত দাস ব্রক্ষচারীর সভাপতিত্বে এবং সচীনন্দন বিশ্বম্ভর দাসের পরিচালনায় ● ২-এর পাতায় দেখুন



হাইমচর উপজেলার বিতর্ক একাডেমি" আয়োজনে ৩য় আন্তঃস্কুল, মাদ্রাসা ও কলেজ বিতর্ক প্রতিযোগিতার ফাইনালে উপস্থিত প্রতিযোগী ও অতিথিবৃন্দ।

হাইমচরে ৩য় আন্তঃস্কুল, মাদ্রাসা ও কলেজ বিতর্ক প্রতিযোগিতার ক্রেস্ট ও সনদ বিতরণ

হাইমচর প্রতিনিধি

যুক্তির চর্চা, বুদ্ধিবৃত্তিক উৎকর্ষ ও মননশীল প্রজন্ম গঠনের প্রত্যয়ে "যুক্তির মশালে মুছে যাক আঁধার" এই প্রতিপাদ্যকে সামনে রেখে হাইমচরে অনুষ্ঠিত হয়েছে ৩য় আন্তঃস্কুল, কলেজ ও মাদ্রাসা বিতর্ক প্রতিযোগিতার ২০২৬ এর ফাইনাল পর্ব ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান।

বৃহস্পতিবার (১২ নভেম্বর) সকাল ১০ টায় দুর্গাপুর হাইস্কুল অ্যান্ড কলেজ অডিটোরিয়ামে "হাইমচর বিতর্ক একাডেমি" কতৃক এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ নজরুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাইমচর সরকারি মহাবিদ্যালয় এর অধ্যক্ষ মোঃ বেদারুল আলম, সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন হাইমচর বিতর্ক একাডেমির প্রতিষ্ঠাতা ও প্রধান পৃষ্ঠপোষক মোঃ মাজহারুল ইসলাম শফিক।

আয়োজক সূত্রে জানা যায়, এবারের প্রতিযোগিতায় উপজেলার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের প্রায় ২৬টি শিক্ষাপ্রতিষ্ঠান অংশ নেয় ।গত কয়েক মাস ধরে ধারাবাহিক ভাবে বিভিন্ন পর্যায়ের ● ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে খেলা দেখে ফেরার পথে হামলা, গুরুতর আহত ৩

নিজস্ব প্রতিনিধি

হাজীগঞ্জে ফুটবল টুর্নামেন্টের খেলা দেখে বাড়ি ফেরার পথে পূর্বশত্রুতার জের ধরে হামলার ঘটনায় তিনজন গুরুতর আহত হয়েছেন। বৃহস্পতিবার (১২ নভেম্বর) রাত ১১টার দিকে উপজেলার ৯নং গন্ধর্ব্যপুর উত্তর ইউনিয়নের জগন্নাথপুর ঈদগাহের সামনে এ ঘটনা ঘটে।

আহতরা হলেন, কাঁকৈরতলা গ্রামের তৈয়ুব আলীর ছেলে শামছুল আলম তারেক, দেলোয়ারের ছেলে রাসেল এবং নুর হোসেনের ছেলে তুহিন। তারা বর্তমানে হাজীগঞ্জ উপজেলা ● ২-এর পাতায় দেখুন

কচুয়ায় আল বারাকা ট্রাস্টের বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত

কচুয়া প্রতিনিধি

শিক্ষার্থীদের শুধু পুঁথিগত শিক্ষায় শিক্ষিত করা নয়, বরং তাদের মেধা, সৃজনশীলতা, নৈতিকতা ও মূল্যবোধের বিকাশ ঘটিয়ে একজন আদর্শ ও সৎ মানুষ হিসেবে গড়ে তোলার অঙ্গীকার নিয়ে

কচুয়ায় আল বারাকা ট্রাস্টের উদ্যোগে বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।শুক্রবার (১৩ নভেম্বর ২০২৬) সকাল ৯টায় আল বারাকা আইডিয়াল একাডেমি মাদ্রাসা কেন্দ্রে এ বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। তৃতীয় থেকে সপ্তম শ্রেণির শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করে।

মেধাবী শিক্ষার্থীদের মূল্যায়ন ও তাদের প্রতিভা বিকাশের লক্ষ্যে এ বৃত্তি পরীক্ষার আয়োজন করা হয়। ● ২-এর পাতায় দেখুন

আলহাজ্ব মো. মোশারফ হোসাইনের একমাত্র সন্তান
ঐশ্বর্যের সুস্থতা কামনায় বিভিন্ন মসজিদে মিলাদ ও দোয়া অনুষ্ঠিত

স্টাফ রিপোর্টার

চাঁদপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক, বিশিষ্ট ব্যবসায়ী ও চাঁদপুর



পৌরসভার সম্ভাব্য মেয়র পদপ্রার্থী আলহাজ্ব মো. মোশারফ হোসাইনের একমাত্র সন্তান মারজুক মুঈদ ঐশ্বর্যের সুস্থতা কামনায় শহরের বিভিন্ন মসজিদে মিলাদ ও দোয়া অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (১৩ নভেম্বর ২০২৬) শহরের বাইতুল আমিন জামে মসজিদ, বাবুরহাট বায়তুল ফালাহ জামে মসজিদ, নিশি রোড জামে মসজিদ এবং কোড়ালিয়া হাওলাদার বাড়ি জামে মসজিদে জুমার নামাজের পর এই দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। চাঁদপুর শহরের ঐতিহ্যবাহী বাইতুল আমিন জামে মসজিদের আয়োজিত মিলাদ মাহফিল পরিচালনা করেন মসজিদের হাফেজ আলমগীর হোসাইন। দোয়া এবং মোনাজাত পরিচালনা করেন মসজিদের খতিব হযরত মাওলানা বোরহান উদ্দিন সিদ্দিকী। বাবুরহাট বায়তুল ফালাহ জামে মসজিদে দোয়া মোনাজাত পরিচালনা করেন মসজিদের ইমাম মাওলানা মো. ইউনুস। মোনাজাতে মারজুক মুঈদ ঐশ্বর্যের শারীরিক সুস্থতা, দ্রুত আরোগ্য এবং সুস্বাস্থ্য কামনা করে মহান আল্লাহর দরবারে প্রার্থনা করা হয়। এ সময় উপস্থিত মুসল্লিরাও তার সুস্থতার মহান আল্লাহর দরবারে দোয়া করেন। দোয়া ও মোনাজাত শেষে উপস্থিত মুসল্লিদের মাঝে তবররুক বিতরণ করা হয়।

হাইমচরে আয়েশা মান্নান ফ্রি প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্রের উদ্বোধন

হাইমচর প্রতিনিধি

সুবিধাবঞ্চিত মানুষের দোরগোড়ায় বিনামূল্যে প্রাথমিক স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে হাইমচরে 'আয়েশা মান্নান ফ্রি প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্র' উদ্বোধন করা হয়েছে। শুক্রবার (১৩ নভেম্বর) বিকেলে উপজেলার মাঝির মোড়সংলগ্ন ছোট লক্ষ্মীপুর গ্রামে দোয়া ও মিলাদ মাহফিলের মধ্য দিয়ে স্বাস্থ্যসেবা কেন্দ্রটির আনুষ্ঠানিক উদ্বোধন ● ২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে আলফারাদী ফাউন্ডেশনের মেধাবৃত্তি পরীক্ষা

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে আলফারাদী ফাউন্ডেশন আয়োজিত মেধাবৃত্তি পরীক্ষা-২০২৬ অনুষ্ঠিত হয়েছে। ১৩ নভেম্বর (শুক্রবার) সকাল ১০টায় ফরিদগঞ্জ মজিদিয়া কামিল মাদ্রাসা কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে দুই শিফটে ফরিদগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ৩৪৯ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে।

উপজেলাব্যাপী সব শিক্ষার্থীর জন্য একটি কেন্দ্রে পরীক্ষার আয়োজন করা হয়। সুশৃঙ্খল ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা সম্পন্ন হয়। পরীক্ষা চলাকালে কেন্দ্রের সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ করেন আলফারাদী ফাউন্ডেশনের সিইও ইঞ্জিনিয়ার দলীল উদ্দিন ফারাদী, আলফারাদী ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা সদস্য মাওলানা শামসুদ্দিন ফারাদী, উপদেষ্টা মো: ● ২-এর পাতায় দেখুন

মতলব উত্তরে চার দিনব্যাপী কাব ক্যাম্পুরী শুরু

মতলব সংবাদদাতা

'কাবিং করবো, সুন্দর জীবন গড়বো' প্রতিপাদ্যকে সামনে রেখে চাঁদপুরের মতলব উত্তরে শুরু হয়েছে চার দিনব্যাপী ৫ম কাব ক্যাম্পুরী। উপজেলা স্কাউটসের উদ্যোগে বৃহস্পতিবার (১২ নভেম্বর) বিকেলে উপজেলা কমপ্লেক্সে আয়োজিত ক্যাম্পুরীর উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহমুদা কুলসুম মনি।

এ ক্যাম্পুরীতে উপজেলার ৩৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪০টি দলের ২৮০ জন কাব সদস্য ● ২-এর পাতায় দেখুন



চাঁদপুরে ১২ নভেম্বরকে 'উপকূল দিবস' হিসেবে রাষ্ট্রীয় স্বীকৃতির দাবীতে মতবিনিময়

শহর প্রতিনিধি

১২ নভেম্বরকে উপকূল দিবস হিসেবে রাষ্ট্রীয় স্বীকৃতির জন্য সরকারকে আহবান জানিয়ে চাঁদপুরে মতবিনময় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ১৯৭০ এর ভয়াল ঘূর্ণিঝড়ে ১০ লাখ নিহত ব্যাক্তিদের স্মরণে উপকূলীয় অঞ্চলের সমস্যা, সংকট, সম্ভাবনা এবং উপকূলের মানুষের ন্যায্যতার দাবি তুলে ধরা হয়। বৃহস্পতিবার (১২ নভেম্বর) সন্ধ্যায় শহরের নিউ ট্রাক রোডের একটি পত্রিকা কার্যালয়ে সভার আয়োজন করে উপকূল ফাউন্ডেশন চাঁদপুর জেলা স্বেচ্ছাসেবী ইউনিট। সভায় সভাপতি করেন জেলা ইউনিটের আহবায়ক অ্যাডভোকেট রফিকুজ্জামান রণি। সদস্য মো. মাসুদ আলমের সঞ্চালনায় উপকূলীয় এলাকার সমস্যা ও অভিজ্ঞতা ● ২-এর পাতায় দেখুন

কচুয়ায় অবৈধ বেকু দিয়ে জোরপূর্বক জমি দখল

কচুয়া প্রতিনিধি

কচুয়া উপজেলার কড়ইয়া ইউনিয়নের নোয়াগাঁও গ্রামে রাতে জোরপূর্বক অবৈধ বেকু দিয়ে আবুল কালাম (মিলন) নামে এক অসহায় ও দরিদ্র ব্যক্তির জমি দখল করার অভিযোগ উঠেছে মানিক হোসেন নামে এক প্রভাবশালীর বিরুদ্ধে। গত বৃহস্পতিবার ওই গ্রামের দক্ষিন পাড়া (মৌলভী বাড়ী) এই ঘটনা ঘটে। এই ঘটনায় ন্যায় বিচার চেয়ে কচুয়া থানায় লিখিত অভিযোগ দায়ের করার সত্ত্বেও ব্যবস্থা নিচ্ছেন না পুলিশ বলে ভুক্তভোগী জানান।

অভিযোগ উল্লেখ করে ভুক্তভোগী আবুল কালাম মিলন বলেন, নোয়াগাঁও মৌজার ২৮৭ দাগের ৪ শতাংশ ৩৩ পয়েন্ট জায়গায় রাস্তার পাশে আমি মনির হোসেনের স্ত্রী মিরন বেগমের কাছ থেকে ২০২৪ সালে রেজিস্ট্রি মাধ্যমে ক্রয় করি। ওই জমির আমার খারিজসহ সকল রয়েছে। গত বৃহস্পতিবার রাতে ভাড়া করে লোকজন নিয়ে জোরপূর্বক বেকু দিয়ে আমার ৪ শতাংশ ৩৩ পয়েন্ট জায়গায় দখল করে নিয়েছে পাশের বাড়ির আইয়ুব আলীর ছেলে মানিক হোসেন। বাঁধা দিতে গেলে আমাকে প্রাননাশের হুমকি প্রদান করেন। তিনি আরো বলেন, আমি নিরুপায় হয়ে কচুয়া থানায় লিখিত অভিযোগ দায়ের করলেও পুলিশ প্রশাসন কোনো ব্যবস্থা নিচ্ছেন না বরং অভিযোগ দেওয়ার কারণে বিভিন্ন ● ২-এর পাতায় দেখুন

মেসার্স জিহাদ মুজাহিদ ট্রেডার্স
প্রোপাইটরঃ মোঃ আব্দুল গফুর
● সকল প্রকার সেলুকল, আর্থিংয়ের তার এবং সব ধরনের পাইপ পাওয়া যায়।
● অত্যন্ত দক্ষতার সাথে গভীর নলকূপ বসানো হয়।
ঠিকানা: মিশন রোড রেল ক্রসিংয়ের দক্ষিণ পাশে, চাঁদপুর।
মোবাইল: ০১৮৩৯-৫৯১৯০৭, ০১৭১১-৬৬১০৯৩

তানিয়া ইশতিয়াক খানের পুরান বাজারে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

শহর প্রতিনিধি

শীতের শুরুতেই অসহায় ও শীতার্ত মানুষের পাশে দাঁড়িয়েছে সামাজিক সংগঠন 'বিজয়ী নারী উন্নয়ন সংস্থা'। সংগঠনটির প্রতিষ্ঠাতা তানিয়া ইশতিয়াক খানের উদ্যোগে চাঁদপুর পুরান বাজার এলাকায় দুস্থ ও সুবিধাবঞ্চিত পরিবারের মাঝে শীতবস্ত্র হিসেবে কম্বল বিতরণ করা হয়েছে।

বুধবার (১১ নভেম্বর) পুরান বাজারের ৩নং ওয়ার্ডের বিভিন্ন পাড়া-মহল্লায় এই মানবিক কার্যক্রম পরিচালিত হয়।

বিকালে পুরান বাজার ৩নং ওয়ার্ডের পূর্ব জাফরাবাদ এলাকা থেকে কম্বল বিতরণ কর্মসূচির সূচনা হয়। এ সময় তানিয়া ইশতিয়াক খান নিজে উপস্থিত থেকে মানুষদের হাতে কম্বল তুলে দেন এবং তাদের সার্বিক খোঁজখবর নেন।

কম্বল বিতরণ প্রসঙ্গে তানিয়া ইশতিয়াক খান গণমাধ্যমকে বলেন, "কিছুদিন আগেও আমরা ৩নং ওয়ার্ডের বাসিন্দাদের জন্য ফ্রি মেডিকেল ক্যাম্পের আয়োজন করেছিলাম। আসন্ন শীতে এলাকার কোনো মানুষ যেন কষ্ট না পায়, ● ২-এর পাতায় দেখুন

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার
ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডিজিও, এমসিপিএস (গাইনী এন্ড অবস্)
সিসিডি (বারডেম), বিএমডিসি রেজি নং : এ-৬২৪৮৩
গাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব ও নিঃসন্তান দম্পতির বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
এমডি (গ্যাস্ট্রোএন্টারোলজী)
স্যার সলিমুল্লাহ্ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
BMDC Reg No : A-71474
মেডিসিন, পরিপাকতন্ত্র ও লিভার বিশেষজ্ঞ
রোগী দেখার সময় ঃ শুক্রবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক
ডাঃ সাইফুল ইসলাম খাঁন
এমবিবিএস (ঢাকা) বিসিএস (স্বাস্থ্য)
এমএস (অর্থোপেডিক্স)
জাতীয় অর্থোপেডিক্স হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর)
পঙ্গু হাসপাতাল, ঢাকা (এক্স)
অর্থোপেডিক্স বিভাগ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
বিএমডিসি রেজি নং- এ ৪৮৬২৩
হাড় জোড়া, বিকলাঙ্গ, বাত ব্যাথা, ট্রমা, মেরুদন্ড, স্পাইন রোগ বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মিজানুর রহমান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি)
আর.এম.ও (রেজিস্ট্রার)
নাক, কান, গলা বিভাগ
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
বিএমডিসি রেজি নং- এ-৫২৩২৫
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - সন্ধ্যা ৬টা
সহকারী অধ্যাপক
ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No : A-73684
কিডনী, প্রষ্টেট, মুত্রথলি, মুত্রনালী, পুরুষ প্রজননতন্ত্র রোগ বিশেষজ্ঞ ও সার্জন
বৃহস্পতি ও শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পিজিটি (রেসপেরটরি মেডিসিন)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
এক্স মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
মেডিসিন, হৃদরোগ, বক্ষব্যাধি, ডায়াবেটিক, বাতজ্বর, এ্যাজমা, এলার্জি ও প্যারালাইসিস রোগের অভিজ্ঞ চিকিৎসক
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ
২৪ ঘন্টা সার্ভিস
সহকারি অধ্যাপক ডা. মুহাম্মদ আসিফ ইকবাল
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
এমএসিপি (আমেরিকা)
সহকারি অধ্যাপক (মেডিসিন)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
মেডিসিন, নিউরো মেডিসিন, হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, লিভার ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ।
রোগী দেখেন মঙ্গলবার, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, সকাল ১১টা-বিকাল ৩টা পর্যন্ত।
ডা. আয়েশা আফরোজ (লুনা)
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস)
বিএসএমএমইউ (প্রাক্তন পিজি হাসপাতাল)
সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফী)
কনসালটেন্ট (গাইনী এন্ড অবস)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
গাইনী, স্ত্রী, প্রসূতি, স্তন (ব্রেস্ট), নিঃসন্তান দম্পতি বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন রবিবার ও বৃহস্পতিবার দুপুর ২:৩০ টা - সন্ধ্যা ৭টা পর্যন্ত।
ডা. ওমর ফারুক (সবুজ)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি) ঢাকা মেডিকেল কলেজ
কনসালটেন্ট: (ইএনটি)
নাক, কান, গলা বিশেষজ্ঞ ও সার্জন
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
রোগী দেখেন প্রতি রবি ও বৃহস্পতিবার, দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (সার্জারী)
এম.এস (ইউরোলজী)
কনসালটেন্ট
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
সার্টিফিকেট কোর্স অন ডায়াবেটলজি (বারডেম)
কিডনী, কিডনী নালী, মূত্রনালী, পোস্টেট, ব্রেস্ট, পাইলস, পুরুষ বন্ধ্যাত্ব ও যৌন দূর্বলতা, ইউরোলজী, এন্ডোলজী, ল্যাপারেস্কপিক বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন প্রতি বুধবার, বিকাল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. মোঃ নাজমুল হাসান
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), এম.ডি (শিশু)
আইসিপিপিএন (শিশু পুষ্টি) সিঙ্গাপুর
NICU এবং PICU বিশেষজ্ঞ
আর.এম.ও
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন, দুপুর ২.৩০ থেকে বিকাল ৫টা রাত ৮টা থেকে রাত ১০টা (শুক্রবার বন্ধ)
ডা. নূর হোসাইন বান্না
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো (নিটোর), এমএস (থিসিস)
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল এন্ড পূর্ণবাসন প্রতিষ্ঠান (পঙ্গু হাসপাতাল), ঢাকা।
হাড় জোড়া, হাড়-ভাঙ্গা, বাত ব্যাথা, পঙ্গুরোগ, এক্সিডেন্ট ও ট্রমা সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখেন প্রতি সোমবার, বিকাল ৪:৩০টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. জান্নাতুল লুবা বিনতে ইসলাম (লিসা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
হার্নিয়া হাইড্রোসিল, এপেন্ডিসাইটিস, টিউমার স্তনের রোগ পাইলস, ফিস্টুলা, এনালফিসার সহ মলদ্বারের বিভিন্ন রোগের চিকিৎসক ও সার্জন
রোগী দেখেন প্রতি শুক্রবার, সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ জি.এম. ইশতিয়াক মাহমুদ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম.এস (সার্জারী)
এমআরসিএস (সার্জারী), লন্ডন।
ডিপ্লোমা ইন ল্যাপারোস্কপিক সার্জারী
সহকারি রেজিষ্টার (সার্জারী বিভাগ)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
সার্জারী বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। (শুক্রবার বন্ধ)
আমাদের সেবা সমূহ
● এনআইসিইউ ● পিআইসিইউ ● সেন্ট্রাল অক্সিজেন
● মেডিসিন, হৃদরোগ, কার্ডিওলজি বিভাগ।
● সু-সজ্জিত ও শীতাতপ নিয়ন্ত্রিত কেবিন।
● উন্নতমানের অত্যাধুনিক অপারেশন থিয়েটার।
● ২৪ ঘন্টা প্যাথলজী এবং এক্স-রে সেবা।
● জেনারেল, অর্থোপেডিক্স, নাক-কান গলা, সিজারসহ সকল ধরনের অপারেশন করা হয়।
● প্রসূতি রোগ, নরমাল ডেলিভারী,
● ফার্মেসী সেবা

উপদেষ্টা সম্পাদক ঃ *অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান*, সম্পাদক ও প্রকাশক ঃ *এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া*, নির্বাহী সম্পাদক ঃ *মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী*, যুগ্ম সম্পাদক : *আব্দুস শুকুর মস্তান*, ব্যবস্থাপনা সম্পাদক ঃ *এ্যাডভোকেট শাহজাহান খান*, যুগ্ম বার্তা সম্পাদক ঃ *আদনান আল মুরাদ*, মফস্বল সম্পাদক ঃ *এম এ গফুর*, বিশেষ প্রতিনিধি ঃ *আবু সুফিয়ান ভূইয়া*, আইটি ইনচার্জ ঃ *জি এম এমরান হোসেন* সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত

শনিবার ॥ ১৪ নভেম্বর ২০২৬

সম্পাদকীয়

সাইবার সুরক্ষা আইন নিবর্তনমূলক ধারাগুলো বাদ দিতে হবে

সাইবার সুরক্ষা আইন সংশোধনের নতুন খসড়ায় কয়েকটি অপরাধের শাস্তি কমানো এবং নিবন্ধিত সংবাদমাধ্যমের জন্য কিছু সুরক্ষার প্রস্তাব এসেছে। অংশীজনদের সঙ্গে আলোচনা করে খসড়া সংশোধন ও আবার জনমতের জন্য প্রকাশ করা ইতিবাচক উদ্যোগ। কিন্তু একটি আইনের গ্রহণযোগ্যতা শুধু শাস্তির মেয়াদ দিয়ে বিচার করা যায় না। কোন কাজকে অপরাধ হিসেবে গণ্য করা হচ্ছে, তার সংজ্ঞা কতটা সুনির্দিষ্ট এবং আইন প্রয়োগকারী সংস্থাকে কতটা ক্ষমতা দেওয়া হচ্ছে–এসবই মূল বিবেচ্য। সেই বিচারে নতুন খসড়াতেও উদ্বেগের যথেষ্ট কারণ রয়েছে। গুজব ও অপতথ্য প্রচারের সর্বোচ্চ কারাদণ্ড ১০ বছর থেকে ৫ বছর এবং মানহানির শাস্তি ৫ বছর থেকে ২ বছর করার প্রস্তাব রয়েছে। জরিমানাও কমানো হচ্ছে। কিন্তু সমালোচনা বা ব্যঙ্গের জন্য কাউকে ফৌজদারি মামলার মুখোমুখি করার সুযোগ থাকলে শাস্তি কমানো কোনো বড় পরিবর্তন আনবে না। মামলা, গ্রেপ্তার, জামিনের অনিশ্চয়তা ও দীর্ঘ বিচারপ্রক্রিয়াই একজন মানুষের জন্য শাস্তি হয়ে উঠতে পারে। ফলে আইনের নিবর্তনমূলক চরিত্র বদলাতে হলে অপরাধের তালিকা ও সংজ্ঞাতেই মৌলিক পরিবর্তন প্রয়োজন। গুজবের সংজ্ঞা থেকে 'অসমর্থিত তথ্য' বাদ দিয়ে ইচ্ছাকৃত মিথ্যা বা বিকৃত তথ্য প্রচারের বিষয়টিকে গুরুত্ব দেওয়া হয়েছে।

চাঁদপুর জেলা জামায়াতের

জেলার শুরার সদস্য নির্বাচনে গোপন ব্যালটে রুকনদের ভোটগ্রহণ করা হয়। পূর্ণাঙ্গ কমিটিতে চাঁদপুর জেলা আমির হিসেবে পুন: নির্বাচিত হয়েছেন কেন্দ্রীয় মজলিশে শূরা সদস্য মাওলানা বিল্লাল হোসেন মিয়াজী। আমীরে জামায়াতের অনুমোদন সাপেক্ষ্যে নায়েবে আমির নিয়োগ চূড়ান্ত হবে এডভোকেট মাসুদুল ইসলাম বুলবুল ও মাওলানা আবুল হোসেন। এবং এডভোকেট মো: শাহজাহান মিয়া সেক্রেটারী মনোনীত হয়েছেন।

সহকারী সেক্রেটারি ডা. আব্দুল মোবিন, জাহাঙ্গীর আলম প্রধান, হারুন আর রশিদের নাম ঘোষণা করা হয়। কর্মপরিষদ সদস্য পুরুষ ও মহিলা, জেলার শুরা সদস্য পুরুষ ও মহিলা সদস্য সহ মোট ৭০ জন সদস্যের জেলা পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়।

এক প্রশ্নের জবাবে এক নেতা জানান, জেলার নতুন কমিটির সদস্যদের মধ্যে তরুণ ও প্রবীণ–দুই প্রজন্মের প্রতিনিধিই রয়েছেন।

গতকাল শুক্রবার ১৩ নভেম্বর সকালে শহরের মিলনায়তনে জেলার পৌরসভা ও উপজেলার মোট ১৫ শাখা আমীরদের শপথ পাঠ করান কেন্দ্রীয় মজলিশে শুরা সদস্য ও জেলা আমীর মাওলানা বিল্লাল হোসাইন মিয়াজী।

উল্লেখ্য, জামায়াতে ইসলামীর গঠনতন্ত্র অনুযায়ী ২০২৬ সালের ৩১ ডিসেম্বর সারাদেশের জেলা ও মহানগর কমিটির বর্তমান মেয়াদ শেষ হবে। এ কারণে কেন্দ্রীয় সংগঠনের উদ্যোগে সারাদেশে নতুন জেলা ও মহানগর কমিটি গঠনের কার্যক্রম পরিচালিত হচ্ছে।

শুক্রবার ১৩নভেম্বর দুপুরে চাঁদপুর জেলা জামায়াতের প্রচার ও মিডিয়া বিভাগ থেকে হারুন আর রশিদ এ তথ্য জানানো হয়।

ফেরি-বাল্কহেডের সংঘর্ষে ১১

ফেরিটি শরীয়তপুরের বেড়াচাক্কি চ্যানেলে প্রবেশের সময় পেছন দিক থেকে একটি বাল্কহেড সেটিকে সজোরে ধাক্কা দেয়।

এতে ফেরিতে দাঁড়িয়ে থাকা কয়েকজন যাত্রী ভারসাম্য হারিয়ে পড়ে যান। এ সময় ১১ বছর বয়সি ওই শিশুটি ফেরিতে থাকা একটি বাসের বডির সঙ্গে ধাক্কা খেয়ে মাথায় গুরুতর আঘাত পায়। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। সংঘর্ষে আরও দুজন আহত হন।

এদিকে দুর্ঘটনার পর বাল্কহেডটি নিয়ে পালিয়ে যান চালক। বাল্কহেড ও এর সুকানিকে শনাক্ত করে আটকের জন্য অভিযান চালাচ্ছে নৌ পুলিশ।

বিআইডব্লিউটিসির নরসিংহপুর ফেরিঘাটের উপব্যবস্থাপক ইকবাল হোসেন জানান, ফেরিটি চ্যানেলে প্রবেশের মুহূর্তে পেছন থেকে একটি বাল্কহেড সজোরে ধাক্কা দেয়। এতে ফেরিতে দাঁড়িয়ে থাকা অনেকেই ভারসাম্য হারিয়ে পড়ে যান। এ সময় এক শিশুর মাথা বাসের সঙ্গে আঘাত লাগলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। বিষয়টি পুলিশকে জানানো হয়েছে এবং তারা ঘটনাস্থলে পৌঁছে তদন্ত শুরু করেছে।

চাঁদপুর-শরীয়তপুর ফেরি

কমেছে। এ ছাড়া আলুর বাজার থেকে মনোহর বাজার পর্যন্ত প্রায় ৩০ কিলোমিটার সড়ক দীর্ঘদিন সংস্কার না হওয়ায় অসংখ্য গর্তের সৃষ্টি হয়েছে। ঝুঁকি এড়াতে অনেক যানবাহন এ রুট ব্যবহার না করে ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক হয়ে পদ্মা সেতু দিয়ে গন্তব্যে যাচ্ছে।

তিনি জানান, বর্তমানে প্রতিদিন গড়ে ৫০ থেকে ৬০টি যানবাহন পারাপার হচ্ছে। যানবাহনের চাপ কম থাকায় ৫টি ফেরি সচল থাকলেও ২টি দিয়ে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। যাত্রীবাহী বাস পারাপারও কমে দাঁড়িয়েছে প্রতিদিন দুটিতে।

তিনি আরও জানান, জ্বালানি তেলের দাম বৃদ্ধির পর গত ২৪ সেপ্টেম্বর থেকে ফেরি ভাড়া ৮ শতাংশ বাড়ানো হয়েছে। এতে যানবাহন পারাপারের সংখ্যা কিছুটা কমেছে। তবে আলুর বাজার থেকে মনোহর বাজার পর্যন্ত সড়কটি সংস্কার করা হলে এ রুটে যানবাহন চলাচল আবারও বাড়বে বলে আশা প্রকাশ করেন তিনি।





চাঁদপুরে নিষিদ্ধ সংগঠনের

এর মধ্যে চাঁদপুর ডিবি ৫ জন, হাজীগঞ্জ থানা ১ জন এবং শাহরাস্তি থানা পুলিশ ১ জনকে গ্রেফতার করে। অপরদিকে, পৃথক অভিযানে ৩ জন মাদক কারবারিকে গ্রেফতারসহ মোট ১৬ পিস ইয়াবা উদ্ধার করা হয়। এর মধ্যে মতলব দক্ষিণ থানায় ১ জন (৬ পিস ইয়াবা), হাইমচর থানায় ১ জন (৫ পিস ইয়াবা) এবং কচুয়া থানায় ১ জনকে (৫ পিস ইয়াবা) গ্রেফতার করা হয়। এছাড়া বিভিন্ন নিয়মিত মামলায় ১৫ জন এবং অন্যান্য ধারা ও অভিযানে আরও ৩ জনসহ মোট ১৮ জনকে গ্রেফতার করা হয়েছে। এর মধ্যে চাঁদপুর সদর মডেল থানা ১২ জন, হাইমচর থানা ২ জন, শাহরাস্তি থানা ২ জন, কচুয়া থানা ১ জন এবং মতলব দক্ষিণ থানা পুলিশ ১ জনকে গ্রেফতার করে। অভিযানে জেলার বিভিন্ন স্থান থেকে কিশোর গ্যাংয়ের ২০ সদস্যকে আটক করা হয়। এর মধ্যে কচুয়া থানা ৬ জন, হাজীগঞ্জ থানা ৫ জন, মতলব উত্তর থানা ৫ জন এবং চাঁদপুর সদর মডেল থানা পুলিশ ৪ জনকে আটক করে।

পুলিশ জানায়, আটক কিশোরদের বয়স ও সংশ্লিষ্টতা যাচাই-বাছাই শেষে মুচলেকা নিয়ে পরিবারের জিম্মায় হস্তান্তর করা হয়েছে। গ্রেফতারকৃত ২৮ আসামির বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে আদালতে সোপর্দ করার প্রক্রিয়া চলছে। জেলার সার্বিক অপরাধ দমনে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছে জেলা পুলিশ।

জিম্বাবুয়েকে উড়িয়ে দিয়ে

সর্বোচ্চ ৪০ রান করেন চিপো মুগেরি-তিরিপানো। অধিনায়ক জোসেফিন এনকোমো ২৯ বলে ৩৫ রান এবং কেলিস এনধলোভ ২৬ বলে ২২ রান করেন। বাংলাদেশের হয়ে ৪ ওভারে ২৬ রান দিয়ে ৩ উইকেট নেন রাবেয়া খান। দিশা বিশ্বাস নেন ২ উইকেট। ১৩২ রানের জয়ের লক্ষ্যে ব্যাট করতে নেমে উদ্বোধনী জুটিতেই বড় সংগ্রহ পায় বাংলাদেশ। সাথী রানী ৪৩ বলে ৬টি চারের সাহায্যে ৪৫ রান করেন। দলীয় ১০৪ রানে সাথী ফিরে গেলেও দলকে জিতিয়ে মাঠ ছাড়েন দিলারা আক্তার। ৪৯ বলে ৮ চারে ৬৮ রান করেন দিলারা। তার অনবদ্য ব্যাটিংয়েই ১৫ বল হাতে রেখে জয়ের বন্দরে পৌঁছে যায় বাংলাদেশ। শারমিন আক্তার ৬ রান করে অপরাজিত থেকে মাঠ ছাড়েন।

চাঁদপুরে ২২তম জেলা

অ্যাড. এ কে এম সলিম উল্যা সেলিম।

বিশিষ্ট সাংবাদিক এম আর ইসলাম বাবুর পরিচালনায় উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব জসিম উদ্দিন খান বাবুল, চাঁদপুর প্রেসক্লাবের সভাপতি সোহেল রুশদী, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম এন জামিউল হিকমা, জেলা বিএনপির সহ-সভাপতি খলিলুর রহমান গাজী, ফেরদৌস আলম বাবু, ডি এম শাহাজাহান, চেম্বার অব কমার্সের সহ-সভাপতি তমাল কুমার ঘোষ, হাইমচর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নজরুল ইসলাম, শাহরাস্তি উপজেলা নির্বাহী কর্মকর্তা মনিরা খাতুন, মতলব দক্ষিণ উপজেলা নির্বাহী কর্মকর্তা ফারহানা ইসলাম, মতলব উত্তর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহমুদা কুলসুম মনি, ফরিদগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মেহেদী হাসান মানিক, কচুয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা অমিত রায়, হাজীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ইবনে আল জায়েদ হোসেন, সদর উপজেলা বিএনপির সভাপতি শাহজালাল মিশন, যুগ্ম সাধারণ সম্পাদক আক্তার হোসেন সাগর, জেলা যুবদলের সভাপতি মানিকুর রহমান মানিক, সাধারণ সম্পাদক অ্যাড. নুরুল আমিন খান আকাশ, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি ইমান হোসেন গাজী, বর্তমান আহ্বায়ক ইসমাইল হোসেন পাটওয়ারী, সদস্য সচিব জিয়াউর রহমান সোহাগসহ আরো অনেকে। উল্লেখ্য, ২২তম জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০২৬ এর উদ্বোধনী খেলায় অংশগ্রহণ করেন শাহরাস্তি উপজেলা ক্রীড়া সংস্থা ও মতলব দক্ষিণ উপজেলা ক্রীড়া সংস্থা। এছাড়াও ২২তম জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে অংশগ্রহণ করবেন হাইমচর উপজেলা ক্রীড়া সংস্থা, মতলব উত্তর উপজেলা ক্রীড়া সংস্থা, ফরিদগঞ্জ উপজেলা ক্রীড়া সংস্থা, কচুয়া উপজেলা ক্রীড়া সংস্থা ও হাজীগঞ্জ উপজেলা ক্রীড়া সংস্থা।

আজ ১৪ নভেম্বর বিশ্ব

অষ্টম। ২০৫০ সালের মধ্যে দেশে আক্রান্তের সংখ্যা ২ কোটি ৩১ লাখে পৌঁছাতে পারে বলে পূর্বাভাস দিয়েছে সংস্থাটি।

বাংলাদেশ এন্ডোক্রাইন সোসাইটির সভাপতি ও বারডেমের এন্ডোক্রাইনোলজি বিভাগের বিভাগীয় প্রধান ডা.ফারিয়া আফসানা বলেন,ডায়াবেটিস প্রতিরোধে প্রি-ডায়াবেটিসে আক্রান্ত এবং উচ্চ ঝুঁকিতে থাকা ব্যক্তিদের জীবনযাত্রায় পরিবর্তন আনতে হবে। শরীরের ওজন ৫-৭ শতাংশ কমানো,সপ্তাহে অন্তত ১৫০ মিনিট দ্রুত হাঁটা বা ব্যায়াম এবং ভাত, ময়দা ও মিষ্টি পানীয় গ্রহণের পরিমাণ নিয়ন্ত্রণ করা জরুরি। তিনি বলেন,'৩৫ বছর বা তার বেশি বয়সী সবার ডায়াবেটিস পরীক্ষা করা উচিত। এর কম বয়সীদের মধ্যে যাদের অতিরিক্ত ওজন,পারিবারিক ইতিহাস, উচ্চ রক্তচাপ, পিসিওএস কিংবা গর্ভকালীন ডায়াবেটিসের ইতিহাস রয়েছে,তাদেরও আগেভাগে পরীক্ষা করতে হবে। আজ 'বিশ্ব ডায়াবেটিস দিবস' উপলক্ষে বাংলাদেশ ডায়াবেটিক সমিতি নানা কর্মসূচি গ্রহণ করেছে। বিভিন্ন কর্মসূচির মাধ্যমে ডায়াবেটিস সম্পর্কে গণসচেতনতা সৃষ্টিই 'বিশ্ব ডায়াবেটিস দিবস'-এর প্রধান লক্ষ্য। এছাড়াও সমিতির অন্যান্য অঙ্গ প্রতিষ্ঠান ও বিভিন্ন জেলায় অবস্থিত অধিভুক্ত সমিতিগুলোও এ উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। ডায়াবেটিস সম্পর্কে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে দৈনিক পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশ,'কান্তি' ও 'ডায়াবেটিস নিউজলেটার'-এর বিশেষ সংখ্যা, সচেতনতামূলক পোস্টার, লিফলেট ও স্টিকার প্রকাশের উদ্যোগ নেয়া হয়েছে।

চাঁদপুর উপজেলা ও পৌরসভা

পৌরসভা এড. মোঃ শাহজাহান খান , সদর উপজেলা মাওলানা আফছার উদ্দিন মিয়াজী, ফরিদগঞ্জ উপজেলা মাওলানা ইউনুছ হেলাল, ফরিদগঞ্জ পৌরসভা মাওলানা মিজানুর রহমান, হাজীগঞ্জ উপজেলা বি.এম. কলিম উল্যাহ, হাজীগঞ্জ পৌরসভা মাওলানা আবুল হাছানাত, শাহরাস্তী উপজেলা মোঃ মোস্তফা কামাল, শাহরাস্তী পৌরসভা হাফেজ মাওলানা জাহাঙ্গীর আলম, কচুয়া উপজেলা এড. আবু তাহের মেছবাহ, কচুয়া পৌরসভা মাওলানা আব্দুছ সামাদ আজাদী, মতলব উত্তর উপজেলা অধ্যাপক আবুল বাশার দেওয়ান, ছেংগারচর পৌরসভা এ.এইচ. এম রবিউল আলম, মতলব দক্ষিণ উপজেলা মাওলানা ওমর ফারুক ভূইয়া, মতলব পৌরসভা মোঃ জসিম উদ্দিন প্রধানিয়া, হাইমচর উপজেলা মাওলানা আবুল হোসাইন। এর আগে দলের রুকনদের (সদস্য) গোপন ব্যালটে আমির নির্বাচন অনুষ্ঠিত হয়। বৃহস্পতিবার দুপুরে চাঁদপুর জেলা জামায়াতের নির্বাচন বিভাগের প্রধান এডভোকেট মো: মাসুদুল ইসলাম বুলবুল স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

মতলব উত্তরে কিং

লোকজন ছুটে এসে বাড়িতে শান্তাকে প্রাথমিক চিকিৎসা দেয়। পরে শান্তার দেখানো স্হান থেকে সাপের বাচ্চাটি ধরে বোতলে বন্দি করে রোগী সহ সাপ নিয়ে হাসপাতালে ছুটে আসে। শান্তার দেবর জানায়, আমরা সাপটি ধরে বোতলে বন্দি করে হাসপাতারে নিয়ে এসেছি এজন্য আমার ভাবির সঠিক চিকিৎসা করাতে পারি সে জন্য।

অশ্লীলতার মোকাবিলায় ইসলামের


জানিয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল ও সাবেক সংসদ সদস্য মিয়া গোলাম পরওয়ার।

তিনি বলেন, ঢাকা শুধু প্রশাসনিক রাজধানী নয়, সাহিত্য ও সংস্কৃতিরও রাজধানী। তাই সারা দেশে সাংস্কৃতিক বিপ্লব সৃষ্টির দায়িত্ব ঢাকা মহানগরীর কবি, সাহিত্যিক ও শিল্পীদের। দেশের সাংস্কৃতিক আন্দোলনের নেতৃত্ব তাদেরই দিতে হবে। শুক্রবার (১৩ নভেম্বর) রাজধানীর একটি মিলনায়তনে দেশীয় সাংস্কৃতিক সংসদের ঢাকা মহানগর অঞ্চলের 'কালচারাল লিডারশিপ প্রোগ্রামে' প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মিয়া গোলাম পরওয়ার আরও বলেন, ইসলামী সংস্কৃতির মূল ভিত্তি ও প্রাণকেন্দ্র হলো তাওহীদ বা আল্লাহর একত্ববাদে বিশ্বাস। এটি কেবল ধর্মীয় বিশ্বাস নয়, বরং মানুষের জীবনব্যবস্থা, চিন্তাচেতনা, নৈতিকতা ও আচার-আচরণের সামগ্রিক রূপকার। আল্লাহ তাআলাই সমগ্র সৃষ্টিজগতের একমাত্র স্রষ্টা, পালনকর্তা ও নিয়ন্ত্রণকারী–এই বিশ্বাস ইসলামী সংস্কৃতির মূল চালিকাশক্তি। ভালোবাসা, ভয়, আশা এবং যাবতীয় উপাসনা ও বন্দেগি কেবল আল্লাহর জন্য নিবেদিত হবে, যা মানুষকে অন্য কোনো সৃষ্টি বা শক্তির দাসত্ব থেকে মুক্ত করে। নিছক আনন্দের জন্য নয়, বরং মানুষের কল্যাণে সাহিত্য ও সংস্কৃতি চর্চাই এই শাশ্বত দর্শনের মূল কথা।

বিশেষ অতিথির বক্তব্যে অ্যাডভোকেট মতিউর রহমান আকন্দ বলেন, সাংস্কৃতিক বিপ্লব ছাড়া রাজনৈতিক বিপ্লব সফল হয় না। কোনো পরিবর্তন এলেও তা স্থায়ী হয় না। ইতিহাসের এই পাঠ সামনে রেখে আমাদের পথ চলতে হবে।





ধ্বংসস্তূপেও থামেনি কোরআন

পৃষ্ঠপোষকতা করে আলজেরিয়ার আল-বারাকা অ্যাসোসিয়েশন। কোরআন হিফজ সম্পন্ন করা ব্যক্তিদের স্বজনসহ বিপুলসংখ্যক মানুষ এতে অংশ নেন। মূল অনুষ্ঠান শুরুর আগে গাজার সড়ক ও পাড়া-মহল্লায় বের করা হয় কোরআনভিত্তিক শোভাযাত্রা। বিভিন্ন বয়সী অংশগ্রহণকারীরা হাতে পবিত্র কোরআন নিয়ে ধর্মীয় সংগীত ও স্লোগান দিতে দিতে শোভাযাত্রায় অংশ নেন। অনুষ্ঠানে গাজার ধর্মীয় বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি ড. মোহাম্মদ সালেম বলেন, এটি শুধু ১ হাজার কোরআনের হাফেজকে সম্মান জানানোর আয়োজন নয়; বরং ধৈর্য, নিষ্ঠা ও অবিচলতার ১ হাজার গল্পের উদ্‌যাপন।

ইসরায়েলের সামরিক অভিযানে গাজার শিক্ষাপ্রতিষ্ঠান ও ধর্মীয় স্থাপনাগুলো ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে। এমন পরিস্থিতিতেও স্থানীয় উদ্যোগ, শিক্ষক ও তত্ত্বাবধায়কদের প্রচেষ্টায় কোরআন শিক্ষা কেন্দ্র এবং হিফজের পাঠচক্র চালু রাখা হয়েছে বলে জানান আয়োজকেরা।

অনুষ্ঠান শেষে হাফেজদের হাতে সনদ ও স্মারক তুলে দেওয়া হয়। এ সময় তাদের পরিবারের সদস্য ও উপস্থিত মানুষের মধ্যে দেখা যায় আবেগঘন উচ্ছ্বাস। শোভাযাত্রা ও সম্মাননা অনুষ্ঠানের ছবি-ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে ফিলিস্তিনিদের এই উদ্যোগ প্রশংসা পায়।

যুদ্ধের কারণে গাজার বহু স্কুল, মসজিদ ও গুরুত্বপূর্ণ স্থাপনা ধ্বংস হয়েছে। বাস্তুচ্যুতির কঠিন পরিস্থিতিতে স্বাভাবিক জীবনও বিপর্যস্ত। এমন বাস্তবতার মধ্যেও ১ হাজার মানুষের কোরআন মুখস্থ সম্পন্ন করা গাজাবাসীর ধর্মীয় শিক্ষা ও ঐতিহ্য ধরে রাখার দৃঢ়তারই প্রকাশ।

চাঁদপুরে প্রাথমিক-মাধ্যমিক

উপস্থিতিতে বই বিতরণ করা হবে।এর আগেই স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানগুলো নিজ নিজ মাধ্যমিক শিক্ষা অফিস থেকে পূর্বে প্রদানকৃত বরাদ্দের চাহিদাপত্র অনুযায়ী সব ক্লাশের পাঠ্যপুস্তক স্ব উদ্যেগেই নিজ নিজ প্রতিষ্ঠানেই নিয়ে যাবেন বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

প্রাপ্ত তথ্য মতে, চাঁদপুরে ২০২৭ শিক্ষাবর্ষে প্রাক-প্রাথমিক থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে পাঠ্যবই বিতরণের লক্ষ্যে ১২ লাখ ১৭ হাজার ২ শ ৪৭ কপি বইয়ের চাহিদা প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে পাঠানো হয়েছে। চাঁদপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিস জানায়, জেলার ১ হাজার ১৫৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রায় ২ লাখ ৫৮ হাজার ৩৪ জন শিক্ষার্থী পড়াশোনা করে। এছাড়া ৫ শ ৫৫টি কিন্ডারগার্টেনে রয়েছে আরও প্রায় ৭৫ হাজার শিক্ষার্থী। ২০২৭ সালের বইয়ের চাহিদা উপজেলা ভিত্তিক হিসেবে পাঠানো হয়েছে,চাঁদপুর সদরে ২ লাখ ৪২ হাজার ৭শ কপি, হাজীগঞ্জে ১ লাখ ৫১ হাজার ৪শ ৮২ কপি, শাহরাস্তিতে ১ লাখ ২৩ হাজার ৯শ কপি, মতলব উত্তরে ১ লাখ ৬৭ হাজার ৪শ ৪২ কপি,মতলব দক্ষিণে ১ লাখ ৬৯ হাজার ২শ ৭২ কপি, ফরিদগঞ্জে ১ লাখ ৮৫ হাজার ৫শ ২৩ কপি, হাইমচরে ৫১ হাজার ১শ ২০ কপি ও কচুয়ায় ১ লাখ ৭৬ হাজার ৯শ ৪০ কপি। মাধ্যমিক স্তরের ৬ষ্ঠ হতে ৯ম শ্রেণি,কারিগরি ও ইংরেজি ভার্সনে চাঁদপুর সদরে ৬ লাখ ১২ হাজার ৭শ ৩৯ কপি, হাজীগঞ্জে ৫ লাখ ১০ হাজার ১শ ৩২ কপি,শাহরাস্তিতে ৪ লাখ ৭ হাজার ৯শ ৪০ কপি, মতলব উত্তরে ৩ লাখ ৩৫ হাজার ৩শ ৯৭ কপি, মতলব দক্ষিণে ৩ লাখ ২২ হাজার ৭শ ৫০ কপি, ফরিদগঞ্জে ৬ লাখ ৮৯ হাজার ৯শ ৪৫ কপি,হাইমচরে ১ লাখ ৮৫ হাজার ৪শ ৫০ কপি এবং কচুয়ায় ৫ লাখ ৮২ হাজার ৯শ ৩০ কপি। এ ছাড়াও ১৩ হাজার ৬শ ১৬ কপি ইংরেজি ভার্সন, ৬৭ হাজার ৫শ ৯০ কপি কারিগরি এবং ৫ লাখ ৬৫ হাজার ৫শ ৪ শ ১৬ কপি বই ।

মতলব উত্তরে পূর্ব বিরোধের

রহমানের ছেলে প্রতিবাদ করলে আরাফাত তাঁর গলা চেপে ধরেন। বিষয়টি জানতে পেরে আরিফ উভয় পক্ষের সঙ্গে কথা বলে বিরোধটি মীমাংসা করে দেন। ওই ঘটনার জের ধরে অভিযুক্তরা পূর্বপরিকল্পিত ভাবে লাঠি, রড, দা ও ছেনিসহ দেশীয় অস্ত্র নিয়ে আরিফের বাড়ির উত্তর পাশের পুকুরপাড়ে গিয়ে তাঁর ওপর হামলা চালান। এ সময় আরিফ পুকুরে মাছ ধরার প্রস্তুতি নিচ্ছিলেন। অভিযুক্তরা তাঁকে ঘিরে ধরে এলোপাতাড়ি মারধর করেন। একপর্যায়ে খোরশেদ আলম লোহার রড দিয়ে আঘাত করলে তা আরিফের নাকে লাগে। এতে তাঁর নাক জখম হয় এবং নাকের হাড় ভেঙে যায়।

আরিফের চিৎকার শুনে সিফাত, মাসুদ, তামজিদ ও জুয়েল তাঁকে রক্ষা করতে এগিয়ে এলে তাঁদের ওপরও হামলা চালানো হয়। এতে বিবাদী নুর আলমের হাতে থাকা ধারালো দা দিয়ে সিফাতের ডান পায়ে কোপ দেয়। এতে তাঁর পা কেটে যায় এবং তিনটি সেলাই দিতে হয়। এ ছাড়া অন্যদেরও মারধর করে শরীরের বিভিন্ন স্থানে জখম করা হয়। আহতদের চিৎকার শুনে আশপাশের লোকজন এগিয়ে আসলে বিবাদীরা পালিয়ে যায়। পরে স্থানীয় লোকজনের সহায়তায় আহতরা মতলব উত্তর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা নেন। এ বিষয়ে মতলব উত্তর থানার অফিসার ইনচার্জ (ওসি) মানস বড়ুয়া বলেন, মারামারির ঘটনায় একটি লিখিত অভিযোগ পেয়েছি। অভিযোগের বিষয়টি তদন্ত করে ঘটনার সত্যতা যাচাইপূর্বক জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

আজ সন্ধ্যায় নজরুল মিলনায়তনে

থাকবেন জেলা প্রশাসক ও জেলা শিল্পকলা একাডেমির সভাপতি আহমেদ জিয়াউর রহমান। প্রেস বিজ্ঞপ্তি।

শীতের আগমনী বার্তায়ও

তেমন স্বস্তি নেই। বেশিরভাগ মাছ বিক্রি হচ্ছে আগের উচ্চ দামেই। প্রতি কেজি রুই মাছ ২৮০ থেকে ৩৮০ টাকা, বড় তেলাপিয়া ১৮০ থেকে ২০০ টাকা, সিলভার কার্প ও গ্রাস কার্প ১৮০ থেকে ২০০ টাকা এবং পাঙাশ ১৬০ থেকে ২৫০ টাকায় বিক্রি হচ্ছে। এ ছাড়া কাতলা মাছ ৩৫০ থেকে ৩৮০ টাকা, চাষের কই ২০০ থেকে ২২০ টাকা এবং পাবদা ৩৮০ থেকে ৪২০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। অন্যদিকে, সাধারণ ক্রেতাদের নাগালের বাইরে রয়েছে ইলিশ। প্রতি কেজি ইলিশ বিক্রি হচ্ছে ৮০০ থেকে ২ হাজার ৩০০ টাকা পর্যন্ত। বড় আকারের ইলিশের দাম ছাড়িয়ে গেছে ২ হাজার ৬০০ টাকা। আমিষের অন্যতম উৎস ডিমেও কোনও স্বস্তির নেই। প্রতি ডজন লাল ডিম ১৪৫ থেকে ১৫০ টাকা এবং সাদা ডিম ১৩০ থেকে ১৩৫ টাকায় বিক্রি হচ্ছে, যা সাধারণ মানুষের দৈনিক বাজার খরচকে আরও ভারী করে তুলছে। মাংসের বাজারেও দামের তেমন পরিবর্তন নেই। প্রতি কেজি ব্রয়লার মুরগি বিক্রি হচ্ছে ১৭০ থেকে ১৯০ টাকা এবং সোনালি মুরগি ২৪০ থেকে ৩৩০ টাকায়। এ ছাড়া গরুর মাংস প্রতি কেজি ৮০০ থেকে ৮৫০ টাকা এবং খাসির মাংস ১ হাজার ২০০ থেকে ১ হাজার ২৫০ টাকায় বিক্রি হচ্ছে। বিক্রেতাদের দেওয়া তথ্য অনুযায়ী, আগের সপ্তাহের তুলনায় এসব পণ্যের দামে উল্লেখযোগ্য কোনও পরিবর্তন দেখা যায়নি। ধুপখোলা বাজারের সবজি বিক্রেতা সিজান রহমান বলেন, এখনও বাজারে তেমন নতুন সবজি আসেনি। নতুন সবজি বাজারে আসতে শুরু করলে দাম কমবে। আরও এক সপ্তাহ পর সবজির দাম কিছুটা কমতে পারে। বাজারে যখন একই সবজির কয়েক ধরনের সরবরাহ দেখা যাবে, তখন বুঝতে হবে দাম কমতে শুরু করেছে। সূত্রাপুর বাজারে বাজার করতে আসা শেখ নাঈম বলেন, বাজারের অবস্থা এখনও আগুন। অনেক সবজির দাম বেশি হওয়ায় কিনতেই পারছি না। এভাবে চলতে থাকলে সংসার চালানো কঠিন হয়ে যাবে। মাছের বাজারেও একই অবস্থা। মাছ কিনতে গিয়ে শেষ পর্যন্ত ফিরে এসেছি। যে মাছ আগে ৮০০ টাকায় পাওয়া যেত, এখন তা ১ হাজার ২০০ টাকাতেও মিলছে না। নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম এভাবে বাড়তে থাকলে সাধারণ মানুষের সংসার চালানো দায় হয়ে পড়বে।

হাজীগঞ্জে খেলা দেখে ফেরার

স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন।

হাসপাতালে চিকিৎসাধীন আহতরা জানান, তারা জগন্নাথপুর গ্রামের একটি ফুটবল টুর্নামেন্টের খেলা দেখে বাড়ি ফিরছিলেন। পথে জগন্নাথপুর গ্রামের শুভ (পিতা আলাউদ্দিন), শাহিদ (পিতা মাসুদ), রাকিব (পিতা শহিদ), শামীম (পিতা মাসুদ), নাফিজ (পিতা নুরু)সহ অজ্ঞাতনামা আরও ১০ জন তাদের ওপর অতর্কিত হামলা চালায়। এতে তারা তিনজন আহত হন।

পরে স্থানীয়রা আহতদের উদ্ধার করে হাজীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। এ বিষয়ে হাজীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কাউছার আলম ভুইয়া জানান, ওই এলাকা থেকে অভিযোগ পাওয়া গেছে। বিষয়টি খতিয়ে দেখতে পুলিশ পাঠানো হয়েছে।

চাঁদপুরে শ্রীশ্রী অন্নকূট

অনুষ্ঠানে বক্তব্য রাখেন চাঁদপুর জেলা ইসকনের সহ-সভাপতি রত্নস্বর গৌরহরি দাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক তমাল কুমার ঘোষ, সহ-সভাপতি নরেন্দ্র নারায়ণ চক্রবর্তী, জেলা বিএনপির সহ-সভাপতি খলিলুর রহমান গাজী, সদর উপজেলা পূজা উদযাপন পরিষদের সভাপতি লক্ষ্মণ চন্দ্র সূত্রধর, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি ইমান হোসেন গাজী, বর্তমান কমিটির আহ্বায়ক ইসমাইল হোসেন পাটওয়ারী, সদস্য সচিব জিয়াউর রহমান সোহাগসহ ইসকনের নেতৃবৃন্দ, সনাতন ধর্মাবলম্বী ভক্তবৃন্দ ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

চাঁদপুরে প্রথমবারের মতো

চাঁদপুরে ক্রীড়াঙ্গনে নতুন মাত্রা যুক্ত হয়েছে। ভবিষ্যতেও এ ধরনের আয়োজন অব্যাহত থাকলে দৌড় ও শরীরচর্চার প্রতি মানুষের আগ্রহ আরও বাড়বে বলে প্রত্যাশা আয়োজকদের।

মতলব উত্তর স্বাস্থ্য

মোহাম্মদ মাসুম ও পরিচ্ছন্নতাকর্মী মো. জামাল হোসেন ঘটনার সত্যতা স্বীকার করেছেন। তারা জানান, শুক্রবার ভোরে হাসপাতালের স্বাস্থ্য কর্মকর্তা ও তার গাড়িচালক পুকুরে জাল টেনে মাছ ধরে নিয়ে গেছেন। তবে এ বিষয়ে তারা কোনো কিছু জানতে চাননি। উপজেলা মৎস্য কর্মকর্তা স্বপন চন্দ্র দে বলেন, গত অর্থবছরে মতলব উত্তর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ওই ফিশারি পুকুরে উপজেলা মৎস্য দপ্তরের উদ্যোগে মাছের পোনা অবমুক্ত করা হয়েছিল। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক ডা. মাজারুল ইসলাম জনি বলেন, স্বাস্থ্য কর্মকর্তা মহোদয় শুক্রবার সকালে জেলেদের দিয়ে ফিশারি পুকুরে মাছ ধরিয়েছেন। কিছু মাছ তিনি হাসপাতাল স্টাফদের কে দিয়েছে আর বাকি মাছগুলো নিয়ে গেছে। আমি হাসপাতালে সকালে ডিউটিরত অবস্থায় ছিলাম। এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. রাজন চন্দ্র দাসের কাছে জানতে চাইলে তিনি বলেন, এখানে মাছগুলো দেখাশোনা করার জন্য সরকার আমাকে রেখেছে। দায়িত্ব আমার। সাংবাদিকের পরিচয় জানতে চেয়ে ক্ষোভ প্রকাশ করে তিনি বলেন, আপনি কে এগুলো জানার? আমার মাছ আমি কী করব, সেটা আমার বিষয়। আগামীকাল সকাল ১০টায় আমার অফিসে আসবেন। অন্যদিকে, উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মাহমুদা কুলসুম মনি বলেন, বিষয়টি আমার জানা নেই। খোঁজখবর নিয়ে দেখছি।

এ বিষয়ে বক্তব্য জানতে চাঁদপুরের সিভিল সার্জন ডা. মোহাম্মদ নুর আলম দীনের মুঠোফোনে একাধিকবার কল করা হলেও তিনি ফোন রিসিভ করেননি। ফলে এ বিষয়ে তার বক্তব্য পাওয়া যায়নি।

ফরিদগঞ্জে আলফারাদী ফাউন্ডেশনের

আলাউদ্দিন কবিরাজ ?পরীক্ষায় কেন্দ্র সচিব এর দায়িত্বে ছিলেন এইচ এম আনোয়ার মোল্লা, উপজেলা ইনচার্জ এর দায়িত্বে ছিলেন আব্দুল গফুর।

?আয়োজক সূত্রে জানা যায় লক্ষ্মীপুর, রায়পুর, রামগঞ্জ, হায়দারগঞ্জ ও চাঁদপুরের ফরিদগঞ্জে এ মেধাবৃত্তি পরীক্ষা একই সাথে অনুষ্ঠিত হয়।

?আয়োজকদের মতে, এ ধরনের মেধাবৃত্তি পরীক্ষা শিক্ষার্থীদের মধ্যে পড়াশোনার প্রতি আগ্রহ, আত্মবিশ্বাস ও সুস্থ প্রতিযোগিতার মনোভাব গড়ে তুলতে সহায়ক। পাশাপাশি শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের বাইরেও জ্ঞানচর্চায় উৎসাহিত করে। পরীক্ষা ঘিরে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা গেছে।

চাঁদপুরে ১২ নভেম্বরকে 'উপকূল

তুলে ধরে বক্তব্য দেন হাওয়াইয়ান গিটার শিল্পী দিলীপ ঘোষ, সাবেক ফুটবলার মিজানুর রহমান স্বপন, সংগঠনের সদস্য অ্যাডভোকেট চৌধুরী ইয়াসিন ইকরাম, দৈনিক আদি বাংলা পত্রিকার প্রধান সম্পাদক এমরান হোসেন রাজন, দৈনিক চাঁদপুর দিগন্তের যুগ্ম সম্পাদক কে এম সালাহউদ্দিন, চর্যাপদ সাহিত্য একাডেমির সভাপতি আয়শা আক্তার রুপা ও স্কুল শিক্ষক কামরুন্নাহার বিউটি। এ সময় উপস্থিত ছিলেন সাংবাদিক ও নাট্যজন মো. মাইনুল ইসলাম, সংস্কৃতিক কর্মী নাহিদা আফরোজ প্রমুখ। সভায় বক্তারা বলেন, উপকূলীয় অঞ্চল হিসেবে চাঁদপুরের নদী এলাকার লোকজনের প্রাকৃতিক দুর্যোগে মুখোমুখি হওয়ার অভিজ্ঞতা দীর্ঘদিনের। বিশেষ করে কম-বেশি ক্ষতির সম্মুখিন হয়েছেন চরাঞ্চলের লোকজন। দুর্যোগের সাথে সংগ্রাম করা এসব লোকজন এখনো শিক্ষা ও স্বাস্থ্যসেবায় পিছিয়ে। তাদের জন্য সমাজের সব শ্রেণির লোকদের এগিয়ে আসা প্রয়োজন।

কচুয়ায় আল বারাকা ট্রাস্টের

এবারের বৃত্তি পরীক্ষায় কচুয়া উপজেলার মোট ৪২টি শিক্ষাপ্রতিষ্ঠান অংশগ্রহণ করে। এর মধ্যে ৩০টি স্কুল ও ১২টি মাদ্রাসা রয়েছে। এসব প্রতিষ্ঠান থেকে মোট ৭৩৯ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন কচুয়া উপজেলা একাডেমিক সুপারভাইজার এ কে এম সোহেল রানা এবং আল বারাকা ট্রাস্টের চেয়ারম্যান আবুল বারাকাত বাবুল। এ সময় উপস্থিত ছিলেন আল বারাকা আইডিয়াল একাডেমির অধ্যক্ষ মাওলানা শরীফ উল্যাহ পাঠান, মাওলানা মিজানুর রহমান, মাওলানা জোবায়ের হুসাইন, মাস্টার কাওছার আহমেদ ও নেছার আহমেদ। এ ছাড়াও বিভিন্ন স্কুল ও মাদ্রাসার প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক-শিক্ষিকা এবং শিক্ষার্থীদের অভিভাবকরা উপস্থিত ছিলেন।

কচুয়ায় অবৈধ বেকু

রাজনৈতিক লোকজন দিয়ে আমাকেও আমার পরিবারকে হুমকি দিয়ে আসছে মানিক হোসেন। অভিযুক্ত মানিক হোসেন দাবী করেন, আমি একই প্লটে ৮ শতাংশ ৬৫ পয়েন্ট জায়গার মনির হোসেনের ওয়ারিশদের কাছ থেকে ক্রয় করি। আমার বায়না স্ট্যাম্প রয়েছে এবং কোন রেজিস্ট্রি ও খারিজ করিনি। আমি আমার জায়গায় বেকু দিয়ে মাটি দিয়ে পাড় বেঁধেছি। আমি কারো জায়গা দখল করিনি।

মতলব উত্তরে চার দিনব্যাপী

অংশগ্রহণ করছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা স্কাউট কমিশনার মো. শাহজাহান সিদ্দিকী, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জামাল হোসেন, একাডেমিক সুপারভাইজার সাইফুল ইসলাম ও সহকারী শিক্ষা কর্মকর্তা মুহাম্মদ আনিছুর রহমান। অনুষ্ঠানে উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহমুদা কুলসুম মনি বলেন, কাব স্কাউটিং শিশুদের শৃঙ্খলাবোধ, নেতৃত্বের গুণাবলি, দায়িত্বশীলতা ও মানবিক মূল্যবোধ বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এ ধরনের আয়োজনের মাধ্যমে শিশুরা হাতে-কলমে শিক্ষা গ্রহণের পাশাপাশি নিজেদের যোগ্য ও আদর্শ নাগরিক হিসেবে গড়ে তোলার সুযোগ পাবে। উপজেলা কাব লিডার শাহ আলমের তত্ত্বাবধানে ক্যাম্পুরীর প্রোগ্রাম চীফ হিসেবে দায়িত্ব পালন করছেন তিনি।

হাইমচরে আয়েশা মান্নান

করা হয়। স্বাস্থ্যসেবা কেন্দ্রের উদ্যোক্তা ফারুকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাইমচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা. কাজী মোস্তফা আল মাহমুদ এবং ফারুক ই আজম (রহ.) দাখিল মাদ্রাসার প্রধান শিক্ষক মাওলানা আব্দুল কাদের। অনুষ্ঠানে দোয়া ও মোনাজাত পরিচালনা করেন গন্ডামারা এবিএস ফাজিল ডিগ্রি মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা আব্দুর রহমান হামিদি। এ সময় দুর্গাপুর হাইস্কুলের সাবেক শিক্ষক আব্দুস সাত্তার মাস্টার, আলগী বাজারের বিশিষ্ট ব্যবসায়ী ফারুকুল ইসলাম খানসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও স্বাস্থ্যসেবা প্রত্যাশীরা উপস্থিত ছিলেন। উদ্যোক্তা ফারুকুল ইসলাম বলেন, মানুষের সেবা করার মহান উদ্দেশ্য নিয়ে এ স্বাস্থ্যসেবা কেন্দ্র প্রতিষ্ঠা করা হয়েছে। এখানে রোগীদের কাছ থেকে কোনো ধরনের অর্থ নেওয়া হবে না। সম্পূর্ণ বিনামূল্যে ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ পরীক্ষা ছাড়াও বিভিন্ন প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা ও চিকিৎসাসেবা দেওয়া হবে। পাশাপাশি প্রতি শুক্রবার একজন বিশেষজ্ঞ চিকিৎসক উপস্থিত থেকে রোগীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।

হাইমচরে ৩য় আন্তঃস্কুল

প্রতিযোগিতা শেষে ফাইনাল বিতর্ক অনুষ্ঠিত হয়েছে। এতে মাধ্যমিকের বিদ্যালয়ের মধ্যে বিগত পর্যায়ে সাফল্য অর্জন করে ফাইনালে অংশগ্রহণ করে বাজাপ্তী রমণী মোহন উচ্চ বিদ্যালয় ও চরভাঙ্গা উচ্চ বিদ্যালয় অন্যদিকে উচ্চ মাধ্যমিক পর্যায়ে সাফল্য অর্জন করে ফাইনালে অংশগ্রহণ করে আলগীবাজার আলিম মাদ্রাসা ও গন্ডামারা এবিএস ফাজিল মাদ্রাসা। যুক্তিতর্ক ও খন্ডনের মধ্য দিয়ে দুটি বিতর্ক শেষ হয়। বিতর্কে মাধ্যমিক পর্যায়ের চ্যাম্পিয়ন হয় চরভাঙ্গা উচ্চ বিদ্যালয় এবং উচ্চ-মাধ্যমিক পর্যায়ে চ্যাম্পিয়ন হয় আলগীবাজার আলিম মাদ্রাসা। প্রাথমিক পর্ব থেকে শুরু করে ফাইনাল পর্যন্ত প্রত্যেক রাউন্ডে শ্রেষ্ঠ বিতর্কিতদের সম্মাননা ও ক্রেস্ট তুলে দেওয়া হয়। ফাইনাল পর্বে মাধ্যমিক পর্যায়ের শ্রেষ্ঠ বিতর্কিত হিসাবে সম্মাননা ক্রেস্ট গ্রহণ করেন চরভাঙ্গা উচ্চ বিদ্যালয়য়ের বিতর্কিত আব্দুল্লাহ সিকদার। এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে শ্রেষ্ঠ বিতর্কিত হিসেবে সম্মাননা ও ক্রেস্ট গ্রহণ করেন আলগীবাজার আলিম মাদ্রাসার বিতর্কিত হাসান আল মামুন। এছাড়াও ফাইনাল পর্বে অংশগ্রহণকারী প্রত্যেক বিতর্কিদের সম্মাননা ও ক্রেস্ট তুলে দেওয়া হয়। প্রধান অতিথির বক্তব্যে উপজেলা নির্বাহী অফিসার বলেন, বিতর্কের মাধ্যমে কিভাবে যুক্তি তর্ক দিতে হয় সেটি শিখবে, সাথে সাথে মানসিক বিকাশ ঘটবে,এবং তারা পরবর্তীতে নেতৃত্ব স্থানীয় পর্যায়ে যাবে তাদের বিকাশিত মন-মানসিকতা নিয়ে যখন কাজ করবে তখন বাংলাদেশে এগিয়ে যাবে হাইমচর এগিয়ে যাবে অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, দুর্গাপুর হাই স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ রুহুল আমিন,বাজাপ্তী রমণী মোহন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল মান্নানসহ বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত শিক্ষক বৃন্দ ও বিভিন্ন অভিভাবকগণ। হাইমচর বিতর্ক একাডেমি কর্তৃক আয়োজিত ২০২৬ সালের জমকালো এই বিতর্ক প্রতিযোগিতা ব্যাপক উজ্জ্বাস এবং উদ্দীপনার মধ্যে শেষ হয়েছে। এর পিছনে থাকা এক জাক-তরুণ আয়োজককে উপস্থিত সকল ধন্যবাদ জানান।

বিতর্ক শুধু যুক্তি-তর্কের প্রতিযোগিতা নয়, এটি শিক্ষার্থীদের বিশ্লেষণী চিন্তাশক্তি, যুক্তিনির্ভর বক্তব্য উপস্থাপন, আত্মবিশ্বাস, নেতৃত্বগুণ ও ব্যক্তিত্ব বিকাশের অন্যতম কার্যকর মাধ্যম।

তানিয়া ইশতিয়াক খানের

সেই ভাবনা থেকেই আজ বাড়ি বাড়ি গিয়ে নিজ হাতে কম্বল পৌঁছে দিয়েছি। এলাকাবাসীর এই ভালোবাসা ও দোয়া আমাদের আগামীর পথচলায় অনুপ্রেরণা জোগাবে।" এদিকে, শীতের শুরুতেই এমন উপহার পেয়ে সন্তোষ প্রকাশ করেছেন স্থানীয় বাসিন্দারা। বিজয়ী নারী উন্নয়ন সংস্থার এই মানবিক উদ্যোগকে স্বাগত জানিয়ে এলাকাবাসী জানান, এই কম্বল তাদের কাছে কেবল শীতবস্ত্র নয়, বরং ভালোবাসার এক উষ্ণ উপহার। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং সংগঠনটির একঝাঁক নিবেদিতপ্রাণ স্বেচ্ছাসেবক। নিয়মিত এমন জনকল্যাণমূলক কার্যক্রমের মাধ্যমে সমাজে ইতিবাচক পরিবর্তন আনতে কাজ করে যাচ্ছে সংগঠনটি।

চট্টগ্রাম পর্যন্ত বৈদ্যুতিক ট্রেন নেটওয়ার্ক সম্প্রসারণের পরিকল্পনা

নিজস্ব প্রতিবেদক

নারায়ণগঞ্জ-ঢাকা-জয়দেবপুর রেলওয়ে করিডোরে একটি পাইলট প্রকল্প বাস্তবায়নের পর সরকার প্রস্তাবিত বৈদ্যুতিক ট্রেন নেটওয়ার্ক চট্টগ্রাম পর্যন্ত সম্প্রসারণের পরিকল্পনা করছে। দেশের রেল যোগাযোগ আধুনিকায়নে এটি বড় পদক্ষেপ হিসেবে বিবেচিত হচ্ছে।

এই সম্প্রসারণের ফলে দেশের ব্যস্ততম রেলওয়ে করিডোর ঢাকা-চট্টগ্রাম রুটে বৈদ্যুতিক ট্রেন সংযোগ স্থাপিত হবে বলে আশা করা হচ্ছে। এতে যাত্রীসেবার মানোন্নয়ন, পণ্য পরিবহনে গতি বৃদ্ধি এবং জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভরতা কমানো সম্ভব হবে।

বাংলাদেশ রেলওয়ের পরিকল্পনা সেলের প্রধান পরিকল্পনা কর্মকর্তা (সিপিও) প্রকৌশলী মো. রফিকুল ইসলাম বলেন, ঘণ্টায় সর্বোচ্চ ১৪০ কিলোমিটার গতিতে চলতে সক্ষম আধুনিক বৈদ্যুতিক ট্রেন চালুর উদ্যোগ নিয়েছে সরকার। এ জন্য দেশের প্রথম বৈদ্যুতিক ট্রেন করিডোর হিসেবে নারায়ণগঞ্জ-ঢাকা-জয়দেবপুর রেলপথ নির্বাচন করা হয়।

পাইলট প্রকল্পটি ইতোমধ্যে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) অনুমোদন পেয়েছে বলে জানান তিনি।

প্রায় সাড়ে ৩ হাজার কোটি টাকা ব্যয়ের এ প্রকল্পের সিংহভাগ অর্থায়ন করবে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)।

আর আমদানি করা সরঞ্জামের সঙ্গে সংশ্লিষ্ট অভ্যন্তরীণ ব্যয়, শুল্ক ও ভ্যাট সরকার বহন করবে।

পরিকল্পনা অনুযায়ী, ২০২৭ সালের মধ্যে দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করার লক্ষ্য রয়েছে। আর ২০২৮ সালের মাঝামাঝি সময় থেকে বড় ধরনের নির্মাণকাজ দ্রুত এগিয়ে নেওয়ার পরিকল্পনা রয়েছে।

পাইলট প্রকল্পের আওতায় রেলপথটিতে চলাচলের জন্য ১৬ সেট আধুনিক ইলেকট্রিক মাল্টিপল ইউনিট (ইএমইউ) ট্রেন আমদানি করা হবে। এসব ট্রেনের উভয় প্রান্তেই চালকের কক্ষ থাকবে। ফলে ট্রেনের দিক পরিবর্তনের জন্য আলাদাভাবে ঘোরানোর প্রয়োজন হবে না এবং নিয়মিত বিরতিতে ট্রেন চলাচল সম্ভব হবে।

চট্টগ্রাম পর্যন্ত বৈদ্যুতিক ট্রেন সেবা সম্প্রসারণ দেশের প্রাথমিক পাইলট করিডোরের বাইরে আধুনিক রেল নেটওয়ার্ক বিস্তারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হবে বলে আশা করা হচ্ছে।

রফিকুল ইসলাম বলেন, ঢাকা-চট্টগ্রাম রেলপথ যাত্রী ও পণ্য পরিবহনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ রেলপথ রাজধানীকে দেশের প্রধান সমুদ্রবন্দর ও গুরুত্বপূর্ণ বাণিজ্যিক কেন্দ্রগুলোর সঙ্গে যুক্ত করেছে।

তিনি বলেন, এ রেলপথে বৈদ্যুতিক লোকোমোটিভ চালু করা গেলে কনটেইনার ও ভারী পণ্য পরিবহন ব্যবস্থায় উল্লেখযোগ্য উন্নতি হবে। একই সঙ্গে যাতায়াতের সময় ও পরিচালন ব্যয় কমানো সম্ভব হবে।

তিনি আরও বলেন, বর্তমানে চট্টগ্রাম থেকে ঢাকায় রেলপথে বছরে প্রায় ৬০ হাজার থেকে ৭০ হাজার টিইইউ (২০ ফুট সমমানের একক) কনটেইনার পরিবহন করা হয়, যা মোট কনটেইনার পরিবহনের প্রায় তিন শতাংশ।

ধীরাশ্রম ইনল্যান্ড কনটেইনার ডিপো (আইসিডি) প্রকল্পের লক্ষ্য রেলপথে বছরে কনটেইনার পরিবহনের পরিমাণ ৪ লাখ ৫০ হাজার টিইইউতে উন্নীত করা। এতে রেলপথে পণ্য পরিবহনের সুযোগ আরও বাড়বে।

রেলওয়ের পরিকল্পনা সেলের সিপিও বলেন, বৈদ্যুতিক ট্রেন সেবা সম্প্রসারণের পরিকল্পনার পাশাপাশি আধুনিক পণ্য ব্যবস্থাপনা সুবিধা গড়ে তোলা হলে বাংলাদেশ রেলওয়ের বাণিজ্যিক সক্ষমতা আরও শক্তিশালী হবে।

রেলওয়ে সূত্রে জানা গেছে, বৈদ্যুতিক ট্রেন চালু এবং ভবিষ্যতে এ সেবা সম্প্রসারণের উপযোগী পরিবেশ তৈরিতে বাংলাদেশ রেলওয়ে বেশ কয়েকটি উন্নয়নমূলক উদ্যোগ গ্রহণ করেছে। রফিকুল ইসলাম জানান, ঢাকা-টঙ্গী রেলপথে তৃতীয় ও চতুর্থ লাইন নির্মাণের কাজ এগিয়ে চলছে। অন্যদিকে, টঙ্গী-জয়দেবপুর অংশে ডাবল লাইন নির্মাণের কাজ ইতোমধ্যে শেষ হয়েছে।

তিনি বলেন, জয়দেবপুরে আধুনিক ইএমইউ ডিপো ও ওয়ার্কশপ স্থাপনের জন্য অতিরিক্ত জমি অধিগ্রহণ করা হচ্ছে। এসব অবকাঠামো ট্রেনের রক্ষণাবেক্ষণ ও পরিচালনার কাজে সহায়তা করবে।

এদিকে, টঙ্গী-আখাউড়া এবং লাকসাম-চট্টগ্রাম রেলপথের বিদ্যমান মিটারগেজ লাইনগুলোকে ডুয়ালগেজ ডাবল লাইনে রূপান্তর করা হচ্ছে। ভবিষ্যতে রেলপথ বিদ্যুতায়নের জন্য প্রয়োজনীয় অবকাঠামো শক্তিশালী করতে এ উদ্যোগ নেওয়া হয়েছে।

রেলওয়ে সূত্র জানায়, সরকার বর্তমানে ঘণ্টায় প্রায় ৩৫০ কিলোমিটার গতির বুলেট ট্রেন চালুর পরিবর্তে সর্বোচ্চ ১৪০ কিলোমিটার গতির বৈদ্যুতিক ট্রেন চালুর ওপর গুরুত্ব দিচ্ছে।

রফিকুল ইসলাম বলেন, বুলেট ট্রেন চালু করতে আনুমানিক ১ লাখ ৫০ হাজার কোটি থেকে ২ লাখ ৫০ হাজার কোটি টাকা বিনিয়োগের প্রয়োজন হতে পারে। এছাড়া জমি অধিগ্রহণ এবং দেশের ঘনবসতিপূর্ণ কৃষিপ্রধান এলাকায় এ ধরনের রেলপথ নির্মাণ বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়াবে।

এ পরিস্থিতিতে অবকাঠামো নির্মাণের ব্যয় ও জমির প্রয়োজনীয়তা বিবেচনায় নিয়ে রেল যোগাযোগ আধুনিকায়নে বৈদ্যুতিক ট্রেন চালুর পরিকল্পনাকে তুলনামূলকভাবে বাস্তবসম্মত উদ্যোগ হিসেবে বিবেচনা করা হচ্ছে বলে জানান তিনি।

বৈদ্যুতিক ট্রেন চালু হলে কার্বন নিঃসরণ ও বায়ুদূষণ কমার পাশাপাশি জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভরতা কমবে বলেও আশা করা হচ্ছে।

রফিকুল ইসলাম বলেন, বাংলাদেশ রেলওয়ে নতুন প্রকল্পগুলোর পরিবেশগত সুফল এবং কার্বন নিঃসরণ কমানোর সম্ভাবনা মূল্যায়ন করছে। আন্তর্জাতিকভাবে স্বীকৃত প্রক্রিয়ার মাধ্যমে এসব প্রকল্প থেকে কার্বন ক্রেডিট অর্জনের সুযোগও রয়েছে।

নারায়ণগঞ্জ-ঢাকা-জয়দেবপুর পাইলট প্রকল্পটি দেশের বৃহত্তর বৈদ্যুতিক রেল নেটওয়ার্ক গড়ে তোলার ভিত্তি তৈরি করবে বলে আশা করা হচ্ছে। এ নেটওয়ার্কের পরবর্তী বড় সম্প্রসারণের গন্তব্য হিসেবে চট্টগ্রামকে চিহ্নিত করা হয়েছে। চট্টগ্রাম পর্যন্ত এ সেবা সম্প্রসারিত হলে যাত্রী ও পণ্য পরিবহনে উল্লেখযোগ্য পরিবর্তন আসতে পারে। এতে দ্রুত যোগাযোগ, রেলওয়ের কার্যক্রমে দক্ষতা বৃদ্ধি এবং পরিবেশবান্ধব পরিবহন ব্যবস্থা গড়ে তোলার সুযোগ তৈরি হবে। খবর: বাসস

নুসরাত তাবাসসুমের বাড়িতে আগুনের ঘটনায় তদন্ত শুরু

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ায় এনসিপি নেত্রী ও জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনের সদস্য নুসরাত তাবাসসুমের বাড়িতে আগুনের ঘটনায় তদন্ত শুরু করেছে জেলা প্রশাসন, পুলিশ, বিজিবি ও ফায়ার সার্ভিস সদস্যের যৌথ তদন্ত টিম।

শুক্রবার (১৩ নভেম্বর) সকাল পৌনে ১১টার দিকে যৌথ টিমের সদস্যরা দৌলতপুর উপজেলার বাগোয়ান গ্রামে সংসদ সদস্য নুসরাত তাবাসসুমের বাড়িতে যান। এ সময় টিমের সদস্যরা পুড়ে যাওয়া বাড়িটি ঘুরে দেখেন। পরে তারা প্রত্যক্ষদর্শীদের বয়ান লিপিবদ্ধ করেন।

তদন্ত কমিটি সূত্রে জানা যায়, এনসিপি নেত্রী ও সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য নুসরাত তাবাসসুমের কুষ্টিয়ার গ্রামের বাড়িতে অগ্নিকাণ্ডের ঘটনার তদন্তের ৪ সদস্যের কমিটি গঠন করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। কমিটিতে স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক আহমেদ মাহবুব-উল-ইসলামকে আহ্বায়ক ও ফায়ার সার্ভিসের সহকারী পরিচালক আব্দুল ওয়াদুদকে সদস্যসচিব করা হয়। কমিটিতে সদস্য হিসেবে রয়েছেন বিজিবি কুষ্টিয়া সেক্টরের সহকারী পরিচালক (প্রশাসন) মেজর আশরারুল হক ও অতিরিক্ত পুলিশ সুপার ভেড়ামারা সার্কেল দেলওয়ার হোসেন। শুক্রবার বেলা পৌনে ১১টার দিকে কমিটির সদস্যরা নুসরাত তাবাসসুমের পুড়ে যাওয়া পুরোনো পারিবারিক বাড়িটি ঘুরে দেখেন। পরে তারা প্রত্যক্ষদর্শীদের বয়ান লিপিবদ্ধ করেন। আগামী তিন কর্মদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে বলে জানান কমিটি প্রধান।

এই রিপোর্ট লেখা পর্যন্ত তদন্ত কমিটির সদস্যরা সংসদ সদস্য নুসরাত তাবাসসুমের বাড়িতে অবস্থান করছিলেন।

তদন্ত কমিটির আহ্বায়ক কুষ্টিয়া স্থানীয় বিভাগের উপ-পরিচালক বলেন, গতকাল স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে আমাদের একটি কমিটি গঠন করে দিয়েছে। আজ থেকে আমাদের কর্মদিবস শুরু। ইতোমধ্যেই আমরা কাজ শুরু করে দিয়েছি। ঘটনাস্থল পরিদর্শন, বিভিন্ন ব্যক্তিদের বয়ানসহ সিসিটিভি ফুটেজ আমরা ইতোমধ্যে সংগ্রহ করেছি। আমরা আমাদের কাজ খুব দ্রুত শেষ করে প্রতিবেদন জমা দেবো। কমিটির সদস্য অতিরিক্ত পুলিশ সুপার ভেড়ামারা সার্কেল দেলোয়ার হোসেন বলেন, আমরা বিভিন্ন ব্যক্তিদের বয়ান, ঘটনাস্থলে উপস্থিত ব্যক্তিদের জবানবন্দিসহ বিভিন্ন সরকারি সংস্থার সহায়তা নিয়ে কাজ করছি।

তিনি আরও বলেন, এই অগ্নিকাণ্ডের ঘটনায় একটি মামলা দায়ের করা হয়েছে। মামলায় আসামিদের গ্রেপ্তারে মাঠে দুইটি টিম কাজ করছে।

এদিকে, এ অগ্নিকাণ্ডের ঘটনায় এমপি নুসরাত তাবাসসুম নিজে বাদী হয়ে বৃহস্পতিবার রাত সাড়ে এগারোটায় দৌলতপুর থানায় একটি মামলা করেছেন। মামলায় নিষিদ্ধ সংগঠন যুব, ছাত্র ও স্বেচ্ছাসেবকলীগের ৮ শীর্ষ নেতাকে আসামি করা হয়েছে। প্রসঙ্গত, বুধবার দিবাগত মধ্যরাতে নুসরাত তাবাসসুমের গ্রামের বাড়িতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। তিনি ও তার পরিবারের দাবি পতিত আওয়ামী লীগের লোকজন তার বাড়িতে পেট্রোল বোমা হামলা করায় এ অগ্নিকাণ্ড হয়।

বিমানবন্দর সড়কে বাইকে গাড়ির ধাক্কা, নিহত ২

নিজস্ব প্রতিবেদক

রাজধানীর বিমানবন্দর সড়কে স্কলাস্টিকা স্কুলের সামনে একটি প্রাইভেটকারের ধাক্কায় ২ মোটরসাইকেল আরোহী নিহত হয়েছে। শুক্রবার দুপুর ২টার দিকে স্কলাস্টিকা স্কুলের সামনে ফ্লাইওভারের নিচে এই দুর্ঘটনা ঘটে। পুলিশ আহত দুই মোটরসাইকেল আরোহীকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে নিলে চিকিৎসক তাদের মৃত ঘোষণা করেন। নিহতরা হলেন গাজীপুর সদর উপজেলার কেশরিতা এলাকার শফিকুল ইসলামের ছেলে মোবারক হোসেন রাজু (২৪) এবং গাইবান্ধা সদর উপজেলার রঘুনাথপুর এলাকার শহিদুল ইসলাম সরদারের ছেলে ফরিদুল ইসলাম সরদার (৪০)। এর মধ্যে রাজু পেশায় একটি আবাসন প্রতিষ্ঠানের সাইট ইঞ্জিনিয়ার এবং ফরিদুল সেখানকার শ্রমিক। দুর্ঘটনার জন্য দায়ি গাড়িটিকে এখনো আটক করতে পারেনি পুলিশ। বিমানবন্দর থানার এসআই শফিকুল ইসলাম বলেন, "দুপুর ২টার দিকে উত্তরা যাওয়ার পথে বিমানবন্দর এলাকার স্কলাস্টিকা স্কুলের সামনে ফ্লাইওভারের নিচে একটি পাজেরো গাড়ির ধাক্কায় তারা গুরুতর আহত হন। স্থানীয়দের মাধ্যমে আমরা খবর পেয়ে তাদের দ্রুত উদ্ধার করে প্রথমে স্থানীয় একটি হাসপাতালে নিয়ে যাই। সেখানে অবস্থার অবনতি হলে বিকাল সাড়ে ৩ টার দিকে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে নেওয়া হয়। বিকাল পৌনে ৪ টার দিকে দুজনকেই চিকিৎসক মৃত ঘোষণা করেন।

থাইল্যান্ডের মুসলিম ঐতিহ্য

আনোয়ার গাজী

প্রেস বিজ্ঞপ্তিঃ পৌর পাঠাগারের নজরুল মিলনায়তনে আজ সন্ধ্যা ৬ টায় অনুষ্ঠিত হবে ১ম শ্রোতার আসর। জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমির যৌথ আয়োজনে চাঁদপুর জেলার শিল্পীদের পরিবেশনায় অনুষ্ঠানের আয়োজনে থাকছে হারানো দিনের গান।

শ্রোতার আসর শেষে দেশব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতায় জেলা পর্যায়ে ১ম স্থান অর্জনকারীদের পুরস্কার প্রদান করা হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জেলা প্রশাসক ও জেলা শিল্পকলা একাডেমির সভাপতি আহমেদ জিয়াউর রহমান।

দেশটির ইতিহাসে রয়েছে মুসলিম বণিক, নাবিক, ধর্মীয় নেতা, কারিগর ও বিভিন্ন জনগোষ্ঠীর অবদানে গড়ে ওঠা সমৃদ্ধ ঐতিহ্য। ব্যাংককের পুরোনো মুসলিম জনপদ, আয়ুথায়ার প্রাচীন বাণিজ্যকেন্দ্র এবং দক্ষিণ থাইল্যান্ডের মালয় মুসলিম সংস্কৃতি এই ইতিহাসের গুরুত্বপূর্ণ অধ্যায়।

একজন মুসলিম পর্যটক মসজিদ দর্শনের পাশাপাশি এসব স্থানে ঘুরে জানতে পারেন থাইল্যান্ডে ইসলামের বিস্তার, মুসলিমদের সামাজিক অবদান এবং বিভিন্ন জনগোষ্ঠীর সাংস্কৃতিক উত্তরাধিকার।

#ঐতিহাসিক মসজিদ ও মুসলিম ঐতিহ্যের দর্শনীয় স্থান

১. বান খ্রুয়া মসজিদ, ব্যাংকক

ব্যাংককের বান খ্রুয়া এলাকার চাম মুসলিমদের ইতিহাস থাইল্যান্ডের মুসলিম ঐতিহ্যের একটি গুরুত্বপূর্ণ অধ্যায়। এখানকার জনপদ ও তাঁতশিল্পের ইতিহাসও উল্লেখযোগ্য। স্থানীয়দের সঙ্গে কথা বলে তাঁদের বংশপরিচয় ও সাংস্কৃতিক উত্তরাধিকার সম্পর্কে জানতে পারেন।

২. টন সন জামি মসজিদ, ব্যাংকক

ব্যাংককের পুরোনো মসজিদগুলোর মধ্যে টন সন জামি মসজিদ উল্লেখযোগ্য। এটি স্থানীয় মুসলিমদের ধর্মীয় জীবনের অংশ। মসজিদটির ইতিহাস ও স্থাপত্য সম্পর্কে স্থানীয় কর্তৃপক্ষের কাছ থেকে তথ্য সংগ্রহ করা যেতে পারে।

৩. চাক্রাফং মসজিদ ও পুরোনো মুসলিম জনপদ, ব্যাংকক

ব্যাংককের পুরোনো শহরাঞ্চলে অবস্থিত মসজিদ ও মুসলিম বসতিগুলো রাজধানীর দীর্ঘ মুসলিম উপস্থিতির সাক্ষ্য বহন করে। এসব স্থান ঘুরে পুরোনো ব্যাংককের মুসলিম সমাজের ইতিহাস সম্পর্কে ধারণা পাওয়া যায়।

৪. আয়ুথায়া: পারস্যের বণিক ও মুসলিম ইতিহাস

আয়ুথায়া ছিল প্রাচীন সিয়ামের গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক বাণিজ্যকেন্দ্র। পারস্য, দক্ষিণ এশিয়া, মালয় অঞ্চল ও অন্যান্য স্থান থেকে আসা মুসলিমরা এখানে বসবাস ও বাণিজ্য করতেন। শেখ আহমদ কুমির ইতিহাস এবং পুরোনো মুসলিম বসতির নিদর্শন সম্পর্কে জানতে চাইলে আয়ুথায়া ভ্রমণ বিশেষ তাৎপর্যপূর্ণ।

৫. ক্রু সে মসজিদ, পাত্তানি

দক্ষিণ থাইল্যান্ডের ঐতিহাসিক পাত্তানি অঞ্চলের পরিচিত মসজিদগুলোর একটি ক্রু সে মসজিদ। ইটের স্থাপত্য ও স্থানীয় ইতিহাসের সঙ্গে এর সম্পর্ক রয়েছে। এটি পাত্তানির মালয় মুসলিম ঐতিহ্য জানার গুরুত্বপূর্ণ স্থান।

৬. পাত্তানি কেন্দ্রীয় মসজিদ

পাত্তানি কেন্দ্রীয় মসজিদ দক্ষিণ থাইল্যান্ডের অন্যতম পরিচিত ইসলামি স্থাপনা। এর বৃহৎ গম্বুজ, মিনার ও জলাধারবেষ্টিত পরিবেশ দর্শনার্থীদের আকর্ষণ করে। এখান থেকে অঞ্চলের মুসলিম ধর্মীয় ও সাংস্কৃতিক জীবনের পরিচয় পাওয়া যায়।

৭. ইয়ারাংয়ের প্রাচীন জনপদ, পাত্তানি

ইয়ারাং দক্ষিণ থাইল্যান্ডের একটি গুরুত্বপূর্ণ প্রত্নতাত্ত্বিক অঞ্চল। প্রাচীন বসতি, বাণিজ্য ও আঞ্চলিক ইতিহাসের সঙ্গে এর সম্পর্ক রয়েছে। পাত্তানির মুসলিম ইতিহাসের বৃহত্তর প্রেক্ষাপট বুঝতে এ অঞ্চল পরিদর্শন করা যেতে পারে।

#অঞ্চলভিত্তিক মুসলিম ঐতিহ্য ভ্রমণ



- **ইয়ালা:** মালয় মুসলিম সমাজ, ধর্মীয় শিক্ষা, স্থানীয় বাজার ও সাংস্কৃতিক ঐতিহ্য সম্পর্কে জানার সুযোগ রয়েছে।
- **নারাথিওয়াত:** মালয় ভাষা, মুসলিম পারিবারিক জীবন ও সীমান্তবর্তী জনপদের ইতিহাস এ অঞ্চলের বিশেষ বৈশিষ্ট্য।
- **সাতুন:** মালয় ঐতিহ্য, স্থানীয় মসজিদ ও মুসলিম জনজীবনের সঙ্গে পরিচিত হওয়া যায়।
- **সোংখলা ও হাত ইয়াই:** বাণিজ্যিক যোগাযোগ, মুসলিম জনপদ, মসজিদ ও হালাল খাবারের সংস্কৃতি সম্পর্কে জানতে পারেন।
- **ফুকেট ও ক্রাবি:** উপকূলীয় মুসলিম গ্রাম, মৎস্যজীবী সম্প্রদায় এবং সামুদ্রিক বাণিজ্যের ঐতিহ্য এ অঞ্চলের আকর্ষণ।
- **চিয়াং মাই:** উত্তর থাইল্যান্ডে ইউনানিজ ও অন্যান্য মুসলিম সম্প্রদায়ের ইতিহাস, ঐতিহাসিক মসজিদ এবং হালাল খাবারের সংস্কৃতি সম্পর্কে জানা যায়।

পাঁচ দিনের ভ্রমণে কীভাবে দেখবেন?

ব্যাংককে অবস্থান করলে প্রথম দুই দিন পুরোনো মুসলিম জনপদ ও ঐতিহাসিক মসজিদগুলো ঘুরে দেখা যেতে পারে। তৃতীয় দিন আয়ুথায়ার মুসলিম ইতিহাস জানার জন্য রাখা যেতে পারে। চতুর্থ দিন ব্যাংককের বাকি দর্শনীয় স্থান ও হালাল খাবারের সংস্কৃতি ঘুরে দেখুন। পঞ্চম দিন ফেরার সময় অনুযায়ী কাছাকাছি কোনো ঐতিহাসিক স্থান পরিদর্শন করুন।

দক্ষিণ থাইল্যান্ডের মালয় মুসলিম ঐতিহ্য দেখতে চাইলে পাত্তানি, ইয়ালা, নারাথিওয়াত বা সাতুনকে কেন্দ্র করে আলাদা ভ্রমণপরিকল্পনা করা ভালো। দক্ষিণের কিছু এলাকায় নিরাপত্তাঝুঁকি রয়েছে; তাই যাত্রার আগে সরকারি ভ্রমণ-পরামর্শ যাচাই করা জরুরি।

ভ্রমণ হোক ইতিহাস জানার সুযোগ

সমুদ্রবাণিজ্য: ভারত মহাসাগর, বঙ্গোপসাগর ও মালয় উপদ্বীপের বাণিজ্যপথ ধরে মুসলিম ব্যবসায়ী ও নাবিকেরা এ অঞ্চলে যাতায়াত করতেন। তাঁদের কেউ স্থায়ীভাবে বসতি গড়েন।

- **পারস্যের মুসলিম:** আয়ুথায়ার রাজদরবার ও আন্তর্জাতিক বাণিজ্যে পারস্য বংশোদ্ভূত মুসলিমদের গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। শেখ আহমদ কুমি এ ইতিহাসের উল্লেখযোগ্য ব্যক্তিত্ব।
- **দক্ষিণ এশীয় মুসলিম:** ভারতীয় উপমহাদেশ থেকে আসা মুসলিম ব্যবসায়ী ও অভিবাসীরা বাণিজ্য এবং স্থানীয় মুসলিম সমাজের বিকাশে ভূমিকা রাখেন।
- **চাম মুসলিম:** বর্তমান কম্বোডিয়া ও ভিয়েতনামের চাম জনগোষ্ঠীর একটি অংশ থাইল্যান্ডে বসতি গড়ে তোলে। ব্যাংককের বান খ্রুয়া এলাকার সঙ্গে তাঁদের ইতিহাস বিশেষভাবে জড়িত।
- **মালয় মুসলিম:** পাত্তানি, ইয়ালা, নারাথিওয়াত ও সাতুন অঞ্চলে মালয় মুসলিমদের ধর্মীয়, ভাষাগত ও সাংস্কৃতিক ঐতিহ্য সুপ্রতিষ্ঠিত।
- **ইউনানিজ মুসলিম:** চীনের ইউনান অঞ্চল থেকে আগত হুই মুসলিমদের একটি অংশ উত্তর থাইল্যান্ডে বসতি গড়ে তোলে।
- **বহুসাংস্কৃতিক ঐতিহ্য:** থাইল্যান্ডের মুসলিম ইতিহাস শুধু ধর্মীয় পরিচয়ের নয়; বাণিজ্য, শিক্ষা, শিল্প, অভিবাসন ও স্থানীয় সমাজের সঙ্গে সহাবস্থানেরও ইতিহাস।
- থাইল্যান্ডের মুসলিম ইতিহাস শুধু মসজিদ বা ধর্মীয় স্থাপনার মধ্যে সীমাবদ্ধ নয়। এর সঙ্গে জড়িয়ে আছে আন্তর্জাতিক বাণিজ্য, অভিবাসন, শিল্প, শিক্ষা এবং বিভিন্ন জনগোষ্ঠীর সহাবস্থানের ইতিহাস। একজন মুসলিম পর্যটক এসব স্থান ঘুরে তথ্য সংগ্রহ, স্থানীয় মানুষের বক্তব্য শোনা এবং ঐতিহাসিক নিদর্শন নথিবদ্ধ করার মাধ্যমে এই ঐতিহ্য অন্যদের কাছেও তুলে ধরতে পারেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, চাঁদপুর
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.chandpur.gov.bd

নম্বর: ০৫.৪২.১৩০০.০০৮.০৫.০০৯.২৬- ৭১২

তারিখ: ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

গণবিজ্ঞপ্তি

বিষয় : ২০২৭ সালের আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

এতদ্বারা চাঁদপুর জেলায় ইস্যুকৃত সকল বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ২০২৭ সালের জন্য সকল ধরনের আগ্নেয়াস্ত্র লাইসেন্স নিম্নবর্ণিত তারিখ ও সময়ে এ কার্যালয়ের জুডিসিয়াল মুন্সিখানা (জেএম) শাখায় স্ব স্ব আগ্নেয়াস্ত্র প্রদর্শন সাপেক্ষে নবায়ন করা যাবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১০ জুলাই ২০২৫ খ্রি. তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.১৫-৩২১ নম্বর স্মারকে জারিকৃত আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা, ২০২৫ এর আলোকে নির্ধারিত নবায়ন ফি জমা প্রদান সাপেক্ষে অফিস চলাকালীন নিম্নলিখিত শর্তসাপেক্ষে আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। সহকারী কমিশনার, জুডিসিয়াল মুন্সিখানা শাখা নিম্নস্বাক্ষরকারীর পক্ষে লাইসেন্স নবায়ন করবেন।

আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের সময়সূচি

উপজেলার নাম	নবায়নের তারিখ		সময়		কর্মদিবস	মন্তব্য
	হতে	পর্যন্ত	হতে	পর্যন্ত		
চাঁদপুর সদর	০১/১২/২০২৬	০৬/১২/২০২৬	সকাল ৯.০০ টা	বিকাল ৪.০০ টা	০৪	
মতলব উত্তর	০৭/১২/২০২৬	১০/১২/২০২৬	সকাল ৯.০০ টা	বিকাল ৪.০০ টা	০৪	
মতলব দক্ষিণ	১৩/১২/২০২৬	১৫/১২/২০২৬	সকাল ৯.০০ টা	বিকাল ৪.০০ টা	০৩	
ফরিদগঞ্জ	১৭/১২/২০২৬	২০/১২/২০২৬	সকাল ৯.০০ টা	বিকাল ৪.০০ টা	০২	
শাহরাস্তি	২১/১২/২০২৬	২২/১২/২০২৬	সকাল ৯.০০ টা	বিকাল ৪.০০ টা	০২	
হাইমচর	২৩/১২/২০২৬	২৪/১২/২০২৬	সকাল ৯.০০ টা	বিকাল ৪.০০ টা	০২	
হাজীগঞ্জ	২৭/১২/২০২৬	২৯/১২/২০২৬	সকাল ৯.০০ টা	বিকাল ৪.০০ টা	০৩	
কচুয়া	৩০/১২/২০২৬	৩১/১২/২০২৬	সকাল ৯.০০ টা	বিকাল ৪.০০ টা	০২	

আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন ফি

লাইসেন্সধারীর ক্যাটাগরি	লাইসেন্সের ধরন	নবায়ন ফি	ভ্যাট (নবায়ন ফি এর ১৫%)	উৎসে কর (নবায়ন ফি এর ১০%)
ব্যক্তি পর্যায়	পিস্তল/রিভলবার	২০,০০০/- (বিশ হাজার) টাকা	৩,০০০/- (তিন হাজার) টাকা	২,০০০/- (দুই হাজার) টাকা
	বন্দুক/শটগান/রাইফেল	১০,০০০/- (দশ হাজার) টাকা	১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা	১,০০০/- (এক হাজার) টাকা
ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান পর্যায়	বন্দুক/শটগান/রাইফেল	১০,০০০/- (দশ হাজার) টাকা	১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা	১,০০০/- (এক হাজার) টাকা

নবায়ন ফি এবং অন্যান্য ফি জমা দেওয়ার কোড

ফি এর ধরন	প্রাতিষ্ঠানিক কোড	অর্থনৈতিক কোড
নবায়ন ফি জমার কোড	১২২০১০১১০৫৯৫২	১৪২২১০২
ভ্যাট জমার কোড	১১১০২০৬১০২১৬৩	১১৪১১০১
উৎসে কর জমার কোড	১১১০২১৭১০২৬৯৫	১১১১১০১ (ব্যক্তি পর্যায়) ১১১২১০১ (ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান পর্যায়)

নবায়নের শর্তাবলী:

(ক) নবায়নকালে সংশ্লিষ্ট আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ প্রদর্শন করতে হবে।
(খ) আগ্নেয়াস্ত্র থানা/সেফ কিপিং লাইসেন্সধারী প্রতিষ্ঠানে জমা থাকলে জমাদান সম্পর্কিত হালনাগাদ তথ্য (রসিদসহ) উপস্থাপন করতে হবে।
(গ) বিদ্যমান গোলাবারুদের সমর্থনে জিডির কপি দাখিল করতে হবে।
(ঘ) লাইসেন্সধারী মুক্তিযোদ্ধা হলে মুক্তিযোদ্ধা সার্টিফিকেট ও গেজেটের ছায়ালিপি প্রদর্শন করতে হবে।
(ঙ) লাইসেন্সধারী ছাড়া অন্য কোন ব্যক্তির মাধ্যমে প্রেরিত আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করা হবে না।

(চ) এছাড়া নিম্নলিখিত তথ্যাদি প্রদান করতে হবে:

০১। ব্যক্তির ক্ষেত্রে: আগ্নেয়াস্ত্র লাইসেন্সের ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, পাসপোর্ট সাইজের ছবি ০১ কপি, নমুনা স্বাক্ষর, TIN সার্টিফিকেট ও আয়কর রির্টানের স্লিপ।

০২। ব্যাংক/প্রতিষ্ঠানের ক্ষেত্রে: আগ্নেয়াস্ত্র লাইসেন্সের ফটোকপি, ট্রেড লাইসেন্স, প্রতিষ্ঠান খোলার অনুমতি পত্র (ব্যাংকের জন্য বাংলাদেশ ব্যাংকের অনুমোদনের কপি), সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ ব্যাংকের নামীয় TIN সার্টিফিকেট ও আয়কর রির্টানের কপি, প্রতিষ্ঠানের ঠিকানা, বর্তমান ম্যানেজারের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, বর্তমান ম্যানেজারের পাসপোর্ট সাইজের ছবি ০১ কপি, ম্যানেজারের নমুনা স্বাক্ষর।

(ছ) নির্ধারিত সময়ের মধ্যে বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করতে হবে।

০৪-১১-২০২৬
আহমেদ জিয়াউর রহমান
জেলা ম্যাজিস্ট্রেট
চাঁদপুর
ফোন নং ০২৩৩৪৪৮৫৬১১
ই-মেইল : dcchandpur@mopa.gov.bd





